এই অন্তিম দিনগুলিতে ঈশ্বরের রব

আজ সকালে পুনরায় এই স্প্যানিশ লোকদের মাঝে ফিরে আসা নিশ্চিতভাবে একটি বিশেষ সুযোগ। আর আমি ভাবছি জিম এটা নিচ্ছেন কিনা। ওহ, তিনি রেকর্ডিং করছেন। আমার কাছে ছোট্ট স্প্যানিশ গায়কদলের রেকর্ডিংও আছে যখন ভাই গার্সিয়ার এর সাথে আমি এখানে ছিলাম। আর আমি সেই ছোট্ট গানটি ভুলে গেছি যেটা তারা আমার জন্য গাইতেন। কিন্তু, ওহ, আমি এটা খুব পছন্দ করি! আর সেই বাচ্চারা এখন সবাই বড় হয়েছে আর বিবাহিত। আমি তাদের কাছ থেকে মাঝে মাঝে শুনি। আর আজ সকালে আমি ছোট্ট জোসেফকে দেখতে গিয়েছিলাম, আর এখন এটা সত্যিই আমার জন্য কিছু করেছে, আর আমি নিশ্চয়ই আপনাদের দেখে খুশি হয়েছি।

2 আর, এখন, আমি একটি শব্দ পেয়েছি যা আমি স্প্যানিশ ভাষায় বলতে পারি। আপনি কি এটা শুনতে চান? "হালেলুইয়া!" আমি এই শব্দটি কখনো ভুলব না...একজন বধির মহিলাকে একবার আমার কথা শোনাবার চেষ্টা করছিলাম। এখন, আমি এই সব কিছু ভুল বলতে পারি, আপনারা বুঝতে পারছেন, কিন্তু আমার ভালো মনে আছে তিনি ছিলেন "অই।" সেটা ঠিক? আমার কথা *শুনছেন*। *শুনছেন*, "অই।" আর তারপর কখনও ভুলি নি, "গ্লোরিয়া আ ডায়োস!" বিস্ময়কর! ওহ, আমি রাজধানী মেক্সিকো সিটিতে যাওয়ার সুযোগ পেয়েছিলাম, সেখানে তাদের সাথে কথা বলেছিলাম। আমি কত খুশি হয়েছিলাম! আর আমি করতাম...

3 আমি এখান থেকে ফিনল্যান্ডে গিয়েছিলাম। আর আমাকে একজন ছোট্ট ফিনল্যান্ডের মহিলার সাথে কথাপকথন সবসময় মনে করিয়ে দেয়। তারা আমাকে নিয়ে গেলেন যাকে তারা "বৈথনি" বলে থাকেন। প্রত্যেক জাতি এর সম্বন্ধে নিজস্ব ধারণা আছে। (আমি, আপনি কি প্রতিক্ষেপণ পাচ্ছেন, আমি এর খুব কাছাকাছি? আপনি কি ঠিক শুনতে পাচ্ছেন? ঠিক আছে।) এই ছোট্ট মহিলা, তিনি একজন সুন্দরী মহিলা ছিলেন। কিন্তু তিনি আমার মতো ছিলেন, তিনি অনেক কথা বলতে পছন্দ করতেন। আর সেই অনুবাদক... তিনি খুব দ্রুত কথা বলেছিলেন, আর—আর সেই অনুবাদক যথেষ্ট দ্রুত বলতে পারছিলেন না যেটা তিনি বলতে চেয়েছিলেন। আর তিনি সেখানে দাঁড়িয়ে পরতেন এবং তার মুখ লাল হয়ে যেতো,

তিনি বললেন, "ব্যাবিলনের ছেলেদের কাছ থেকে আমি এটা নিয়ে এসেছি।"

4 কিন্তু, আপনারা জানেন, আমি লক্ষ্য করেছি যে সব—সব পাখিরা সবাই ইংরেজিতে গান গায়, কুকুররা ইংরেজিতে ঘেউ ঘেউ করে, শিশুরা ইংরেজিতে কাঁদে। আমি আশ্চর্য হই আমাদের সাথে ব্যাপারটা কি। কিন্তু আমরা প্রত্যেকেই মনে করি আমাদের—আমাদের ভাষা অবশ্যই সহস্রাব্দের ভাষা হবে। কিন্তু আমরা যারা পবিত্র আত্মা পেয়েছি, এটাই সত্য, কারণ আমাদের একটি স্বর্গীয় ভাষা আছে।

5 আজ সকালে আমাদের সাথে ভাই রোয়ে আছেন, ওয়াশিংটনের একজন কূটনীতিক। আমি বিশ্বাস করি তিনি পাঁচ অথবা ছয়জন প্রেসিডেন্টের, সাতজন প্রেসিডেন্টের অধীনে কাজ করেছেন। আর আপনারা জানেন আমার কেমন অনুভব হচ্ছে, এই মঞ্চে, কথা বলতে, যখন এমন একজন ব্যাক্তি আমার পিছনে বসে আছেন। কিন্তু তার সাক্ষ্য সবসময় আমার কাছে একটি অসাধারণ ছিল, এবং বিশেষ করে যখন তিনি...আমি বিশ্বাস করি তিনি লুথারেন ছিলেন, যদি আমি ভুল না করি, ক্যাথলিক অথবা লুথারেন, লুথারেন। আর তিনি বললেন তিনি...পেন্টিকোস্টাল সভায় তাঁবুর মধ্যে হামাগুড়ি দেওয়ার বিষয়ে কিছু, আর তিনি উঠে দাঁড়ালেন...অবশেষে তিনি বেদীর কাছে যেতে পারলেন, আর, যখন তিনি এটা করলেন, তখন প্রভু তাঁর উপর নেমে আসলেন এবং তাঁকে এত আশীর্বাদ করলেন যে...আমার মনে হয় তিনি প্রায় সাতটি ভিন্ন ভাষায় কথা বলতে পারেন। আর বললেন তিনি একটা চেষ্টা করেছিলেন, "এটা কাজ করলো না," তখন অন্য আরেকটা চেষ্টা করেছিলেন, "এটাও কাজ করলো না।" আর আমি মনে করি তিনি আপনার মতোই স্প্যানিশ বলতে পারেন। তাই তিনি—তিনি সব চেষ্টা করেছিলেন, আর এটা কাজ করলো না। আর, দেখুন, জানেন কি, ঈশ্বর এত ভালো ছিলেন, তিনি নেমে এসে তাকে এমন একটি ভাষা প্রদান করলেন যেটা তিনি আগে কখনও চেষ্টা করেননি, তিনি বললেন, "এটা কাজ করেছিল।" সেটা ঠিক। আমি মনে করি যে সেভাবেই অন্য পাশে হবে।

6 ছোট্ট গীর্জার অনেক স্মৃতি আমি আমার হৃদয়ে ধারণ করেছি, আমি বিশ্বাস করি এটা...ওহ, আমি ভুলে গেছি এটা কোথায় ছিল। এটা এখানে টন্টো স্ট্রিটের কোথাও কাছাকাছিতে। আর আমার সেটা মনে আছে। "টন্টো স্ট্রিট" শব্দটা আমি মনে করতে পারি, যেখানে স্প্যানিশ অ্যাপোস্টোলিক গীর্জা ছিল।

7 আমি পালককে বলছিলাম, “এটা পুনরুজ্জীবনের সভার জন্য একটা মুখ্য স্থান হবে,” প্রচুর জায়গা, নতুন গীর্জা, ভালো মানুষ। তাই আমি মনে করি এটা একদিন পুনরুজ্জীবনের সভার জন্য লাইনে থাকবে। আপনি এর জন্য প্রার্থনা করুন, আসুন এবং একটি পুনরুজ্জীবন সভা করুন। এখন, আমি আশা করি এটা অন্য মন্ডলীতে আমাদের পুনরাবৃত্তি হয়েছিল। আমার মনে আছে উঠোনে দাঁড়িয়ে, বেড়ার উপর ঝুঁকে, রাস্তায় এদিকে ওদিকে, রাতের বেলায় সেখান থেকে যাওয়ার চেষ্টা করছিলাম, এটা নিশ্চিত ছিল যে একটি রোমাঞ্চ ছিল যেটা আমি কখনো ভুলিনি। আর আমার কাছে একটি—একটি ছোট মহিলাদের রেকর্ডিং আছে, বোনরা ও ভাইরা যারা গান গেয়েছিলেন এবং রেকর্ডিং করেছিলেন। আর তারা “শুধু বিশ্বাস,” গানটি গাওয়ার চেষ্টা করেছিলেন এবং তারা এটা সঠিকভাবে গাইতে পারেননি, আপনারা জানেন। তারা বলেছিলেন, “শুধু বিশ্বাস,” এর পরিবর্তে তারা এইভাবে নিয়ে এসেছিলেন “আপনি বিশ্বাস করেন,” দেখুন।

8 আর আমার মনে আছে রেবেকা, আমার মেয়ে, সারা, তবুও তারা বলে, “বাবা, গান কর, ছোটদের সেই ছোট্ট রেকর্ডিংটা বাজিয়ে দাও...” “স্প্যানিশ” বলার পরিবর্তে, তারা এই শব্দটি বলতে পারতো না, বলতো, “স্পিনাচ মেয়েদের, ছোট স্পিনাচ মেয়েদের গাওয়া ‘শুধু বিশ্বাস।’”

9 ঠিক আছে, আমার মনে আছে তারা সভাটি অনুসরণ করেছিল। পুনরুজ্জীবন তখন চালু ছিল, আর তারা পশ্চিম উপকূল পর্যন্ত সভাটি অনুসরণ করেছিল। আর আমি...ক্যালিফোর্নিয়া ছেড়ে যাওয়ার সময় আমার হৃদয়ে একটি ছোট্ট বিষয় নোঙ্গর করেছিল, ভাই মোর আর আমি, আর ভাই ব্রাউন, ক্যাপিটলে। আর যখন আমি সেই রাতে সেই বিল্ডিং এর নিচে গেলাম, সেই বাচ্চারা সেখানে দাঁড়িয়ে গান গাইছিল, “তিনি আপনার জন্য যত্নশীল।” আপনারা এটা শুনেছেন। “রোদ অথবা ছায়ায়, তিনি আপনার যত্ন নেন।” বিদেশে অনেক সময়, বিশ্ব যুদ্ধের যুদ্ধক্ষেত্রগুলিতে, খ্রীষ্টের বার্তা নিয়ে আসার সময়, আমি সেই মেয়েদের ও ছেলেদের স্মরণ করতাম যারা আমার জন্য সেই গানটি গেয়েছিল, “তিনি আপনার জন্য যত্নশীল। রোদ অথবা ছায়ায়, তিনি আপনার যত্ন নেন।” তাই এটা একটা দুর্দান্ত অনুপ্রেরণা, একটা সহায়তা।

10 আপনদের পালকের সাথে দেখা করা, আর গীর্জাটি বেঁচে আছে দেখে খুব খুশি এবং আপনারা এখানে এই সুন্দর বিল্ডিংটি পেয়েছেন, সবকিছু বিন্যাস করা, প্রচুর পার্কিং এর স্থান রয়েছে। পবিত্র আত্মার

হাতে একটি বাস্তব স্থান, যদি আমরা কেবল তাকে দেখতে পারি এবং জানতে পারি যে আমরা পুনরুজ্জীবনের আহ্বান জানাচ্ছি। তিনি, আমি বিশ্বাস করি তিনি একটা দেবেন।

11 এখন, আজ রাতে আমরা ভাই আউট-ল এর চার্চে আছি, জীজাস নেম চার্চ, অন্য পাশে। আর ভাই আউট-ল, আমি বিশ্বাস করি...এটাও একটি অ্যাপোস্টোলিক চার্চ। আমি মনে করি তিনি শুধু তার নাম, গীর্জার, জীজাস নেম বলে থাকেন। আমি মনে করি তিনি বিশ্বাসে প্রেরিত। আর তাই আমরা আজ রাতে সেখানে থাকব। আর এখন আমরা স্প্যানিশ চার্চকে বলছি না, "এখন সেখানে আসুন," কারণ আপনারা আপনার দায়িত্ব পদে থাকুন। আর তারপরে বৃহস্পতিবার থেকে শুরু করে, খ্রীষ্টান বিজনেস ম্যান এর একটি সমাবেশ হতে চলেছে, অন্যান্য মন্ডলীর সভা শেষ হওয়ার পর, বৃহস্পতিবার। আর এই সম্মেলনে, তারা অসামান্য বক্তাদের নিয়ে আসতে চলেছেন, আর তাই ওরাল রবার্টস, আর কিছু মেথডিস্ট ভাই যিনি সবেমাত্র পরিত্রাণ পেয়েছেন, আর তারা দাবি করেন যে তিনি একজন খুব প্রবল বক্তা। আর আমি নিশ্চিত যে আপনারা এই সম্মেলনগুলি উপভোগ করবেন। আর তোমরা কিশোর বয়সের ছেলেমেয়েরা, তারা কিশোর-কিশোরীদের জন্য সেখানে একটি সমাবেশ রেখেছেন, যেমনটি ভাই সবেমাত্র ঘোষণা করেছেন। আমি আমার সন্তানদের সেখানে নিয়ে যাচ্ছি যাতে তারা এতে অংশগ্রহন করতে পারে। আর তাই এখন আসুন, আমরা আপনাদেরকে পেয়ে খুশি হব। প্রভু আপনাদের সকলকে আশীর্বাদ করুন।

12 আর এখন আমি বাইবেল এ প্রবেশ করতে চাই এবং তার কিছু আশীর্বাদপূর্ণ বাক্য পড়তে চাই। আর আমি আজ সকালে বেছে নিয়েছি, অল্প সময়ের জন্য, আমি আপনাদেরকে খুব বেশি সময় ধরে রাখতে চাই না, কিছু বাক্য, আর তাদের মধ্যে একটি প্রথম শমূয়েলে পাওয়া যায়, অন্যটি যিশাইয়তে পাওয়া যায়। আর আমি প্রথমে যিশাইয় থেকে পড়তে চাই। আর আমি...

13 আপনারা কি শুনতে পাচ্ছেন, সবাই? এই মাইকগুলির মাঝখানে, তারা আমার কাছে খুব সংবেদনশীল বলে মনে হচ্ছে, আমি জানি না কেন। আপনারা সেখানে সব ঠিক শুনতে পারছেন, আপনাদের হাত উপরে তুলুন। ভালো, ভালো।

14 এখন, আমার গলা একটু খসখস করছে, অবশ্যই, এটা অনেক কথা বলার জন্য। আর যেহেতু আমি এই স্প্যানিশ ভাইদের সাথে এখানে ছিলাম, প্রায় ষোল বছর আগে, আমি অনুমান করি, হয়তো

প্রায় ষোল অথবা সতেরো বছর আগে, ঠিক আছে, আমি তখন থেকেই প্রচার করছি। আমি তখন ক্লান্ত ছিলাম, আমি বললাম, আর আমি এখনও ক্লান্ত, কিন্তু আমি এখনও ঈশ্বরের অনুগ্রহে এগিয়ে যাচ্ছি।

15 এখন আসুন যিশাইয় ৪০ এর দিকে ফিরে যাই, যিশাইয় ৪০তম অধ্যায়; আর ১ম অধ্যায়, অথবা প্রথম শমূয়েল এর ৩য় অধ্যায়। আর যখন আমরা বাক্য পঠের জন্য এই স্থানগুলি খুলেছি, আমি এখন প্রার্থনা করার জন্য আমাদের মাথা নিচু করতে চাই।

16 আমাদের স্বর্গীয় পিতা, আমরা আজ এই সুন্দর অভয়ারণ্যে দাঁড়িয়ে থাকার বিশেষ সুযোগের জন্য কৃতজ্ঞ যা ঈশ্বর এবং তাঁর কাজের জন্য নিবেদিত। আর যেমন আমরা জানি যে আপনার দাসেরা এই প্ল্যাটফর্মের পিছনে এখানে অথবা পুলপিঠ এ বহুবার দাঁড়িয়েছেন, আর আপনার সেবায় একটি নিবেদিত জীবন নিয়ে।

17 আর *এটা*, আজ সকালে, স্মৃতি ফিরিয়ে আনে, একটি পুনরুজ্জীবনের স্মৃতি যেটা শুরু হয়েছিল, পবিত্র আত্মা একটি বড় আলোর আকারে সাথে নেমে এসেছিলেন, অগ্নিস্তম্ভের মতো, আর এটা বলেছিল যে এই বার্তাটি পৃথিবীতে দ্রুতবেগে ছড়িয়ে যাবে। আর আজ এটা একটা ইতিহাস। এটা দেখার পর, ওরাল রবার্টস এবং টমি ওসবর্নের মতো, মহান পুরুষদের মাধ্যমে বার্তাটিতে আগুন ধরেছে, আর টমি হিক্স এবং আরো অনেকে। আর একসাথে আমাদের প্রচেষ্টার মাধ্যমে, আমরা দেখি বার্তাটি স্বর্গের অধীনে প্রতিটি জাতির মধ্যে পুনরুজ্জীবনের আগুন জ্বালিয়েছে, পেন্টিকোস্টাল বার্তার মাধ্যমে। তার জন্য আমরা আপনাকে ধন্যবাদ ও প্রশংসা প্রদান করি, হে পরাক্রমশালী ঈশ্বর।

18 আর আজ আমরা প্রার্থনা করি যেন আপনি আমাদের হৃদয়কে উপযুক্ত করেন, সেই মহান স্বর্গারোহণের জন্য প্রস্তুত করেন যেটা শীঘ্রই সংঘটিত হবে, আমরা বিশ্বাস করি। আর যদি আমাদের হৃদয় সেটার জন্য অথবা অন্য কিছুর জন্য অনুপযুক্ত হয়ে থাকে যেটা আমাদের জন্য আপনার কাছে অপেক্ষামান, আমরা প্রার্থনা করি আপনি আমাদের ত্রুটিগুলি ক্ষমা করবেন, আর আপনার বাক্যের মাধ্যমে আজ আমাদের সাথে কথা বলবেন। এই মন্ডলীর পালক, ডিকন, ট্রাস্টি, এবং সকল লোকসমূহ, সদস্যদের আশীর্বাদ করুন। এই ছোট্ট গায়কদলকে, এবং পিয়ানোবাদকে, বাদ্যকরদের আশীর্বাদ করুন। সবাইকে একসাথে, তাদেরকে আশীর্বাদ করুন যারা এই স্থানে প্রবেশ করে। তারা যেন প্রতিবার পরিবর্তিত হয়ে বাইরে যেতে পারে, যখন তারা ভিতরে আসে তখন থেকে তারা যেন আপনার

একটু নিকটে আসতে পারে। এটা প্রদান করুন, পিতা। আর আজ সকালেও, যেন এমন হতে পারে, কারণ আমরা এটা যীশুর নামে চাই। আমেন।

19 এখন যিশাইয় ভাববাদীর পুস্তকের দিকে ফিরে, ৪০তম অধ্যায়, আমরা পাঠ করবো।

তোমরা সান্ত্বনা কর, আমার প্রজাদিগকে সান্ত্বনা কর, তোমাদের ঈশ্বর ইহা বলেন।

যিরূশালেমকে চিত্ততোষক কথা বল, আর তাহার নিকটে ইহা প্রচার কর যে, তাহার সৈন্যবৃত্তি সমাপ্ত হইয়াছে, তাহার অপরাধের ক্ষমা হইয়াছে; তাহার...পাপ, তাহার দ্বিগুণ ফল সে সদাপ্রভুর হস্ত হইতে পাইয়াছে।

এক জনের রব, সে প্রান্তরে ঘোষণা করিতেছে, তোমরা প্রান্তরে সদাপ্রভুর পথ প্রস্তুত কর, মরুভূমিতে আমাদের ঈশ্বরের জন্য রাজপথ সরল কর।

প্রত্যেক উপত্যকা উচ্চীকৃত হইবে, প্রত্যেক পর্ব্বত ও উপপর্ব্বত নিম্ন করা যাইবে: বক্র স্থান সরল হইবে, উচ্চনীচ ভূমি সমস্থলী হইবে:

আর সদাপ্রভুর প্রতাপ প্রকাশ পাইবে, আর সমস্ত মর্ত্ত্য একসঙ্গে তাহা দেখিবে: কারণ সদাপ্রভুর মুখ ইহা বলিয়াছে।

এখন শমূয়েল এর পুস্তকে, প্রথম শমূয়েল, ৩য় অধ্যায়, আমি ১ম, ২য় এবং ১৯তম পদটি পড়তে চাই:

আর বালক শমূয়েল এলির সম্মুখে সদাপ্রভুর পরিচর্য্যা করিতেন। আর তৎকালে সদাপ্রভুর বাক্য দুর্লভ ছিল; দর্শন যখন তখন হইত না।

এবং এটি সেই সময়ে ঘটিত হয়, যখন এলি স্বস্থানে শয়ন করিয়া আছেন, আর তৎকালে ক্ষীণদৃষ্টি হওয়াতে এলি আর দেখিতে পাইতেন না;

...ঈশ্বরের প্রদীপ নিভিয়া যায় প্রভুর মন্দিরে, এবং ঈশ্বরীয় সিন্দুক যে স্থানে ছিল, শমূয়েল সেই স্থানে শয়ন করিয়াছিলেন;

এমন সময়ে সদাপ্রভু...ডাকিলেন; আর তিনি উত্তর করিলেন, এই যে আমি।

১৯তম পদ:

পরে শমূয়েল বাড়িয়া উঠিতে লাগিলেন, এবং সদাপ্রভু তাঁহার সহবর্ত্তী ছিলেন, তাঁহার কোন কথা তিনি *ভূমিতে পড়িতে দিতেন না।*

20 ওহ্, এটা যথেষ্ট পাঠ্য হবে যা নিয়ে আমরা এখানে এক মাস ধরে কথা বলতে পারি, এবং আমরা এই মহিমান্বিত পাঠ্য থেকে অনেক প্রসঙ্গ টানতে পারি। কিন্তু আজ সকালে, আর আমাদের কাছে যথাযথ সময়ে বেরিয়ে যাওয়ার জন্য মাত্র বিশ মিনিট সময় রয়েছে...আমার মনে হয় রবিবারের শিক্ষালয় শেষ হয়ে গেছে অথবা হয়তো এর পরে হবে, আমি জানি না। কিন্তু, যাইহোক, আমি এই বিষয়বস্তু ব্যবহার করতে চাই, *এই অন্তিম দিনগুলিতে ঈশ্বরের রব*।

21 এটা একটি খুব অসাধারণ সময়। আমরা বুঝতে পারি যে আমরা শাস্ত্রের কোথায় থেকে কথা বলছি, এখানে বলা হয়েছে, "শমূয়েলের সময় দর্শন দুর্লভ ছিল।" অতএব, "যেখানে কোন দর্শন নেই," বাইবেল বলে, "মানুষ ধ্বংস হয়ে যায়।" আমাদের একটি দর্শন থাকতে হবে। আর ভাববাদীদের কাছে দর্শন আসে, আর এটা প্রভুর বাক্য তাদেরকে বলা হয়েছে।

22 আর আমরা খুঁজে পাই যে এলি ভাববাদী ছিলেন না, এলি ছিলেন একজন যাজক। আর তিনি বৃদ্ধ হয়েছিলেন, আর তার চোখ ম্লান হয়ে গিয়েছিল, আর তিনি ক্ষীণদৃষ্টি হওয়াতে আশেপাশে যেতে পারতেন না, তিনি ভারী মানুষ ছিলেন। আর তিনি প্রভুর কাজকে অসম্পূর্ণ অবস্থায় রেখে দিতে শুরু করেছিলেন।

23 আর এটা অনেকটা আজকের মতো। আমি মনে করি গীর্জা, সংগঠন এবং ধর্মসম্প্রদায়, তারা দীর্ঘদিন ধরে মাঠে রয়েছেন, আর তারা শিথিল হতে শুরু করেছেন। আর প্রভুর কাজ অসম্পূর্ণ রয়ে গেছে, সত্যের বাক্য, কারণ গীর্জা, নিজেরাই, দৃষ্টিহীন হয়ে পড়েছে। আর আজ আমাদের প্রয়োজন আছে, ঈশ্বরের কণ্ঠস্বর আমাদের মধ্যে কথা বলার জন্য, আমাদের ফিরিয়ে আনার জন্য।

24 আর, দেখুন, এলি শুয়েছিলেন, আর...তার দৃষ্টিশক্তি ক্ষীণ হয়ে পড়ছিল। তিনি একজন যাজক ছিলেন। আর প্রভুর কাছ থেকে তাদের কোন দর্শন ছিল না। আর সেই মহান প্রয়োজনীয় বিষয়!

25 আর ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন সময়ের প্রয়োজন মেটাতে। তিনি সবসময় এটাই করে থাকেন। আর আজ আমাদের ঈশ্বরের রবের প্রয়োজন আছে, সময়ের প্রয়োজন মেটাতে, যে সময়ে আমরা বাস করছি সেটা পূরণ করার জন্য। আর তিনি প্রতিশ্রুতি দেওয়ার পরে, আমরা আশ্বস্ত হতে পারি যে তিনি তাঁর প্রতিশ্রুতি রক্ষা করবেন।

এটাই সেই বিশ্বাস যেটা বিশ্বাসী তার সৃষ্টিকর্তার উপর রাখে, যে তিনি প্রয়োজন পূরণের প্রতিশ্রুতি দিয়েছেন।

26 আর, আজ, মন্ডলী যে অবস্থায় আছে এটা তার একটি কারণ, কারণ এখানে অনেক রব রয়েছে, ঈশ্বরের রব থেকে মন্ডলীকে আকৃষ্ট করার জন্য অন্য অনেক রব রয়েছে, যদিও এটা খুব সন্দেহজনক যে অনেকে ঈশ্বরের রব শুনতে পাবেন এটা তাদের মধ্যে ঠিক কথা বলেছিল। তারা সম্ভবত এটা বুঝতেও পারবেন না, কারণ এটা তাদের কাছে একটি বিদেশী বিষয় হয়ে যাবে। তারা নিজেদেরকে দিনের রবে অনেক বেশি কেন্দ্রীভূত করেছে!

27 আর যদি আমরা লক্ষ্য করি, আমাদের শাস্ত্র পাঠে, ঈশ্বরের রব তাদের কাছে বিদেশী ছিল।

28 আর আজ আবারও সেই একই অবস্থায় পরিণত হয়েছে, ঈশ্বরের রব...সেখানে অনেক রব রয়েছে। আর তারপর যদি ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন তিনি আমাদের তা দেবেন, আর যদি অন্য রব ঈশ্বরের রবের বিপরীত হয়, তাহলে এটা আমাদের শত্রুর রব হতে হবে, আমাদের বিভ্রান্ত করার জন্য, যখন ঈশ্বরের রব কথা বলবে তখন যেন আমরা সেটা বুঝতে না পারি।

29 আর আমরা লক্ষ্য করেছি যে এটা এলির সাথে এবং শমূয়েলের সাথে অনুরূপ কিছুটা হয়েছিল, কিন্তু এলি অবিলম্বে বুঝতে পেরেছিলেন যে এটা ঈশ্বর। আর এটা নিশ্চিতভাবে এলির উপর একটি—একটি তিরস্কার ছিল। কারণ, ঈশ্বরের রব, শমূয়েলের সাথে কথা বলে, তাকে এলির অন্যায়ের কথা বলেছিলেন, কারণ সে তার ছেলেদের লালনপালন করেছিল আর তারা নৈবেদ্য থেকে টাকা এবং—এবং মাংস হরণ করত। সেটা ঠিক ছিল না। আর তারা ভুল কাজ করছিল, ঈশ্বরের বাক্যের বিপরীতে।

30 আর শমূয়েলের কাছে...একমাত্র বিষয় যা শমূয়েল করতে পারে, সঠিক কথা বলতে পারে। আর তিনি এটা করতে একটু অনিচ্ছুক ছিলেন, কারণ এটা সেই স্থানের বিরুদ্ধে ছিল যেখানে তাকে বড় হওয়ার জন্য পাঠানো হয়েছিল, এলি এবং মন্দিরে। কিন্তু এলি বললেন, “কথা বল।” দেখুন? আর তিনি তাকে বলেছিলেন ঠিক কি হতে চলেছে, সেই শমূয়েল...অথবা, “এলির দিন শেষ হয়েছিল, যাজক হিসাবে,” কারণ ঈশ্বর বলেছিলেন, আর ঈশ্বর ভবিষ্যদ্বক্তা শমূয়েলের মাধ্যমে তাঁর বার্তা পাঠাচ্ছিলেন। খুব অদ্ভুত জন্ম, শৈশবকাল থেকে প্রভুর জন্য উৎসর্গীকৃত। ছোটবেলায়, ঈশ্বর তার সাথে কথা বলেছিলেন, আর তাকে এমন একটি কাজের

জন্য প্রস্তুত করছিলেন যা সামনে রাখা হয়েছিল। আর এলির সময় শেষ হচ্ছিল।

31 পৃথিবীতে আজ অনেক রব আছে, সেটা একটি কঠিন বিষয়, কারণ এটা আলৌকিক রবকে মৃত করে তোলে। সেখানে অনেক বুদ্ধিবৃত্তিক রব রয়েছে, বুদ্ধিজীবী মহৎ পুরুষদের মহান রব, যে, তাদের বুদ্ধিবৃত্তিক পরিস্থিতিতে, এমনকি বিশ্বকে নাড়া দেয়। তারা শুধু একরাতের মানুষ নয়, কিন্তু তারা বিশ্বকে নাড়া দেয়, বৃহৎ সংগঠনকে একত্রিত করে, বৃহৎ প্রচারণা, ফুলের মতো। আর একজন ব্যক্তি কিছুটা বিভ্রান্ত হবেন। তাদের বিভ্রান্ত করার জন্য এটাই যথেষ্ট, কিভাবে এই বিষয়গুলি এগিয়ে যায় এবং সমৃদ্ধ হয়। আর সেখানে রব রয়েছে যেটা—যেটা উত্থাপিত হয় আর এই কাজগুলি করে, আর এটা ঈশ্বরের রবকে কোথাও পিছনে ফেলে দেয়, ঈশ্বরের প্রকৃত রবকে।

32 "আর ঈশ্বরের রব," তারা বলে, "আমরা কিভাবে জানবো এটা ঈশ্বরের রব?" কারণ, আজকের জন্য...তখন এটা একজন প্রমাণিত ভাববাদীর মধ্যে ছিল। এখন, আজ, আমরা কিভাবে জানবো এটা ঈশ্বরের রব, কারণ এটা ভাববাদীর বাক্যের অভিব্যক্তি। *তিনি* ঈশ্বরের ভাববাদী। আর ঈশ্বরের একটি সত্য রব শুধুমাত্র সেই বাস্তব, জীবন্ত, অলৌকিক ঈশ্বরকে ফিরিয়ে আনে, তার অলৌকিক বাক্যের দ্বারা, সত্য বাক্যের অলৌকিক প্রকাশের সাথে। তারপর আমরা জানি যে এটা ঈশ্বরের রব। কারণ, আর সেই অলৌকিক... সেখানে অন্যান্য অঞ্চলে আরও অনেক কিছু রয়েছে, যেটা তাকে মৃতপ্রায় করে দেয়। কিন্তু, মনে রাখবেন, এটা দীপ্তি হবে, এটা বেরিয়ে আসবে! এটা করবে।

33 এখন, রাজনীতির জগতে আজ একটি রব রয়েছে। এটা একটি বৃহৎ রব। আর মানুষ, নিশ্চিতভাবে, রাজনীতির এই মহান দিনে, তারা...এটা তাদের গীর্জায় এবং সবকিছুতে মিশে গেছে। আর অনেকবার, যেটা আমরা সম্প্রতি দেখেছি, যে রাজনীতির রব আসলে শক্তিশালী মন্ডলীর মধ্যে ঈশ্বরের রবের থেকে, অথবা আমেরিকান জনগণ তারা যা করেছে তা কখনোই করত না। দেখুন? তারা এটা কখনোই করত না। যদি ঈশ্বরের রবকে মন্ডলীতে জীবিত রাখা হতো, তারা কখনোই সেই ভুলগুলি করত না। কিন্তু রাজনীতির রব আজ পৃথিবীতে ঈশ্বরের রবের চেয়ে অনেক বেশী শক্তিশালী, যতক্ষণ না লোকেরা জনপ্রিয়তা, শিক্ষা এবং রাজনৈতিক ক্ষমতার জন্য তাদের খ্রিস্টান হওয়ার জন্মগত অধিকার বিক্রি করে। এটা দেখে খুব লজ্জা লাগে। যে বিষয়টি আমাদের দেশ

তৈরি করেছিল, যার উপর এটা তৈরি হয়েছিল, লোকেরা তার দিকে পিছন ফিরে দাঁড়িয়ে এবং—এবং আমরা আগের দেশ যে সব বিষয় ছেড়ে এসেছিলাম তাকে ভোট দিয়ে নিয়ে এসেছে। আর সেই—আর সেই প্লাইমাউথ রক, আর *মেফ্লাওয়ার* আর তারা, এখানে এসেছিলেন এবং—এবং আমাদের এই বৃহৎ অর্থনীতি প্রতিষ্ঠা করেছেন। যে বিষয় থেকে আমরা বেরিয়ে আসার জন্য এত কঠিন লড়াই করেছিলাম, আমরা তার হাতের থাবায় ফিরে এসেছি, কারণ বাইবেল বলে এটা এভাবেই হবে।

34 আর এলির ব্যবস্থা: একজন ভাববাদী পরিবর্তে একজন যাজক। ভাববাদী হল বাক্য। আর যাজক ছিলেন মন্ডলী।

35 আর এটা এমন একটি স্থানে রয়েছে যখন এটা ছড়িয়ে পড়তে শুরু করে বাক্য মানুষের কাছে অপরিচিত বলে মনে হয়। তারা এটা ধরতে পারে না। তখন আপনি এটা বলতে পারেন, আর তারা এটা বুঝতে পারেন না, কারণ তারা এটার জন্য প্রশিক্ষিত হয় নি। পৌল বলেছিলেন, "বস্তুতঃ তূরীর ধ্বনি যদি অস্পষ্ট হয়, তবে কে যুদ্ধের জন্য সুসজ্জ হইবে ?"

36 মানুষরা একটি—একটি—একটি গীর্জার রবে প্রশিক্ষিত হয়েছে, একটি গীর্জার তূরীর ধ্বনি, "আমরা আমাদের রবিবার শিক্ষালয়ে বাকিদের চেয়ে বেশি পেয়েছি।" এর মানে কিছুই হয় না। "আমরা আমাদের ধর্মসম্প্রদায়ে বাকিদের চেয়ে বেশি পেয়েছি। ধর্মসম্প্রদায়গুলোর মধ্যে আমরা সবচেয়ে বড়।" দেখুন, এই রকম রবে জন্য লোকদের প্রশিক্ষিত করা হয়েছে। রাস্তায়, তারা যায় আর লোকজনকে ভিতরে নিয়ে আসে। হাজার হাজার বার হাজার অভিযানে, তাদের ভিতরে নিয়ে আসে। তারা কোন বিষয়ে আগ্রহী ? "আমাদের সবচেয়ে বড় গীর্জা আছে। আমাদের সবচেয়ে জনসমবায় আছে। আমাদের সর্বোচ্চ সদস্যর রবিবারের শিক্ষালয় আছে। আমাদের শহরের মেয়র আমাদের গীর্জায় আসেন।" এইগুলো সব ভাল হতে পারে, কিন্তু যদি সেই একই গীর্জা ঈশ্বরের রবের জন্য প্রশিক্ষিত না হয়, সুসমাচারের তূরী, এটা কি ভাল করে ?

37 আর যখন একটি বিষয় উত্থাপিত হয় যেমন আমাদের সরকারের মধ্যে উত্থাপিত হয়েছিল, তখন কি ঘটেছিল ? মন্ডলী তূরীর ধ্বনি চিনত না, আর তারা জানত না কি করতে হবে। সমৃদ্ধির মহান প্রতিশ্রুতি, একটি বুদ্ধিজীবী দৈত্য আসছে, আর বাইবেল যে ভবিষ্যদ্বাণী করেছিল সেটার ঠিক উপর দিয়ে তারা চলে গেছে, আর এটা নিয়ে এসেছে। দেখুন, একটি রাজনৈতিক রব ! আর এটা প্রমাণ

করেছে যে এটা ধর্মীয় রবকে ছাপিয়ে গেছে, নতুবা তারা যা করেছে তা কখনোই করতো না, সুসমাচারের রব। যেহেতু আমাদের অনেক বিষয়ের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, আমাদের সমৃদ্ধির প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, আর সন্দেহ নেই যে আমরা এটা পাব।

38 কিন্তু, তবুও, একজন বিশ্বাসীর কাছে এর অর্থ কিছুই না। ইব্রীয় পুস্তকটি খুলুন, ১১তম অধ্যায়ে, পৌলের কথা শুনুন, কিভাবে তারা, সেই দিনগুলিতে, "তাঁহারা মেষের ও ছাগের চর্ম্ম পরিয়া বেড়াইতেন, দীনহীন, উপদ্রুত হইতেন, নগরে প্রবেশ করিতে পারিতেন না।"

39 আমি নাইসিয়া কাউন্সিলে পড়ছিলাম, যখন রোমের নাইসিয়ায় বিরাট সমস্যাগুলি উঠে আসে, খ্রিস্টের মৃত্যুর তিনশত বছর পর, বৃহৎ নাইসিয়া কাউন্সিলে, যখন সেই বৃহৎ মন্ডলী যারা সঠিক এর পক্ষে দাঁড়িয়েছিল, তারা বাইবেল চেয়েছিল। আর রোমের প্রথম মন্ডলীতে রোমান ধর্মান্তরিতরা ধর্মমত প্রবেশ করায়, বলার জন্য, উদাহরণস্বরূপ, ক্রিসমাস।

40 ক্রিসমাস, খ্রীষ্ট ডিসেম্বর এর—এর পঁচিশতম দিনে জন্মগ্রহণ করেননি আমি ছিলাম থেকে। কেন, যিহূদিয়ার পাহাড়ে তুষার ছিল, আর তিনি...এটা বাইবেলের অন্যান্য সমস্ত ভবিষ্যদ্বাণীর বিপরীত। তার জন্ম হয়েছিল বসন্তে, যেমন সব মেষের বাচ্চা জন্মগ্রহন করে। কেন তিনি একটি ঘরের পরিবর্তে একটি খামার ঘরে জন্মগ্রহণ করেছিলেন? তিনি মেষশাবক ছিলেন। কেন তিনি বেদীর কাছে গেলেন না অথবা তাঁর বেদীর কাছে যেখানে তাঁকে পেরেক দিয়ে গাঁথা হয়েছিল, ক্রুশে? তাকে ক্রুশের দিকে নিয়ে যাওয়া হয়েছিল। আপনারা মেষকে বধ করতে নিয়ে যান। তিনি মেষশাবক ছিলেন। তারপর তিনি জন্মগ্রহণ করেন যখন মেষশাবকের জন্ম হয়।

41 কিন্তু, আপনারা দেখুন, এটা করার জন্য, তাদের সূর্য-দেবতার জন্মদিন ছিল, সৌরজগতের, ডিসেম্বরের বিশ তারিখ থেকে ডিসেম্বরের পঁচিশ তারিখ পর্যন্ত পাঁচ দিন সূর্য—সূর্য, সূর্য খুব কমই সচল হয়। এটা—এটা প্রতিদিন কিছুটা পরিবর্তিত হয়, যতদিন না এটা জুলাই মাসে তার দীর্ঘতম দিনটি স্পর্শ করে ততদিন এটা দীর্ঘ আরো দীর্ঘ আরো দীর্ঘ হয়। আর তারপরে, ডিসেম্বরে, এর ক্ষুদ্রতম দিন। আর তারপর পঁচিশের সেই ছোট্ট সময়, বিশ থেকে পঁচিশ পর্যন্ত, তাদের রোমান সার্কাস হতো এবং সূর্য-দেবতার জন্মদিন উদযাপন করতো। সুতরাং তখন জুপিটার, যিনি রোমান দেবতা ছিলেন, আর তখন তারা এটাকে প্রবেশ করায়, তখন বলেছিলো যে, "আমরা ঈশ্বরের পুত্র এবং সূর্য-দেবতার জন্মদিন নেব, তাদেরকে একসাথে

রেখে একটি মহান উৎসব হবে।” এটা বিপরীত! আর, ওহ, তারা অনেকগুলি ইনজেকশন সেখানে করেছিল!

42 আর তারপর যখন ঈশ্বরের সত্যিকারের মানুষরা যারা বাক্যের সাথে থাকতে চেয়েছিলেন, যেমন পলিকার্প, ইরেনিয়াস, মার্টিনের মতো, সেই মহান, প্রথম, সন্ত পুরুষ যারা সত্যের সাথে থাকতে চেয়েছিলেন...আর যখন তাদের নাইসিয়া কাউন্সিলের মধ্যে নিয়ে আসা হয়, তখন তাদের প্রত্যাখ্যান করা হয়েছিল যতক্ষণ না ভবিষ্যদ্বক্তারা প্রান্ত থেকে বেরিয়ে আসেন তাদের পরিধেয় একটুকরো ভেড়ার চামড়ার ছাড়া আর কিছু ছিল না, সেই পরিষদে বসার জন্য। কিন্তু তারা প্রভুর বাক্য জানতেন। কিন্তু জনপ্রিয়তা, তাদের পনেরো দিনের রক্তাক্ত রাজনীতি, এটাকে পদদলিত করে। তখন আমাদের হাজার বছরের অন্ধকার যুগ ছিল, দেখুন।

43 কিন্তু ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছিলেন যে তূরীর ধ্বনি আবার বাজবে। সর্বদা লোকেরা বাক্যর সত্যিকারের রব শোনে, সর্বদা আপনি যা করেন তা বাক্যের দ্বারা পরীক্ষা করুন।

44 রাজনীতির রব। আর আমেরিকায় এবং বাকি বিশ্বে আমরা, আজ উচ্চস্বরে কথা বলছে, আর সেটা হলিউডের রব। এটা বিশ্বকে দখল করেছে। হলিউডে কাউকে কিছু নিয়ে আসতে দিন, আপনি এটা সারা দেশে খুঁজে পাবেন। এখন, আমরা লক্ষ্য করেছি যে তারা আমাদের মহিলাদের জন্য, তাদের পোশাক, তাদের চুলের স্টাইলের জন্য একটি আদর্শ স্থাপন করেছে। তারা সেই পোশাকটি স্থাপন করেছে।

45 মন্ডলীর সেই বিষয়ে ঈশ্বরের রব জানা উচিত! কিন্তু সেখানে অনেক বিভ্রান্তি আছে কারণ আপনি অন্যদেরকে এটা করতে দেখেন, উদাহরণরূপে। এই ধরনের উদাহরণের পর কখনো নিজেকে এর অনুসারী করবেন না, কারণ এটা পচনশীল। সর্বদা ঈশ্বরের রব শুনুন, তিনি এর সম্পর্কে কী বলেন।

46 আর তারপর আমরা লক্ষ্য করি, হলিউডে, তারা জিনিসগুলি উত্থাপন করে। আর আমরা আরও এগিয়ে যাওয়ার আগে আমাকে এই বিষয়ে কিছুক্ষণ কথা বলতে দিন। সেখানে একটি—একটি জিনিস কিছু দিন আগে বেরিয়ে আসে, যে একজন—একজন ব্যক্তি হলিউডে...এখন ব্যক্তিটির বিরুদ্ধে কিছুই নেই, তিনি একজন মরণশীল যার জন্য খ্রীষ্ট প্রাণ দিয়েছেন, কিন্তু শুধু আপনাদেরকে দেখানোর জন্য। তারা একটি ছোট জিনিস উদ্ভাবন করেছেন, যা বাচ্চারা ব্যবহার করে, যাকে বলা হয় “হুলা-হুপ,” হুলা-হুপ, বা কিছু। আর আপনারা যদি লক্ষ্য করে থাকেন অশ্লীলতা এবং যে

বিষয়গুলি এটা অনুসরণ করেন, কি, ছোট বাচ্চাদের মধ্যে। এটা ঠিক নয়।

47 এখন, হলিউড ভরে গেছে বন্দুকযোদ্ধা—বন্দুকযোদ্ধাদের দ্বারা। এখন, যে কেউ ইতিহাস জানে, সে জানে যে এই লোকেরা সেই দিনগুলিতে ফিরে এসেছে, যেটা ছিল বন্দুকযোদ্ধাদের মত—বিভিন্ন ব্যক্তিরা, তারা শালীন নাগরিক ছিলেন না, তারা ছিলেন ধর্মত্যাগী, তারা আল ক্যাপোন এবং ডিলিংগারের মত ছিলেন। তাদের একটি হলিউডের নাটক আছে যাকে তারা বলেন, টেলিভিশন—টেলিভিশনে, তারা বলেন, "বন্দুকের ধোঁয়া।" আমি *মনিটরে* শুনলাম, অন্যদিন, যে ব্যক্তি এটা সম্প্রচার করেন, অরনেস অথবা কিছু, অথবা অরনেস, অথবা আমি তার নাম কি ভুলে গেছি, আর তার নেওয়ার কথা...তিনি ম্যাট ডিলনের প্রতিনিধিত্ব করেন যিনি কানসাসের শেরিফ ছিলেন। আর ম্যাট ডিলন খরগোশের মতো হলুদ ছিলেন। তিনি আঠাশ জনকে পিঠে গুলি করেন, নিরীহ মানুষ, ডজ শহরের বাইরে গিয়ে একটি ঝোপের মধ্যে অপেক্ষা করছিলেন। আর যখন একজন লোক আসেন, তখন কেউ তাকে ডেকে বলবে যে একজন দুর্বৃত্ত লোক আসছেন। তারপর সেখানে থেকে আর, যখন লোকটি ভিতরে আসে, সে তাকে পিছন থেকে গুলি করে। এখন আমরা খুঁজে পাই যে তিনি একজন "বড় লোক" যেটা চলে আসে। কেন, এটা—এটা নিশ্চিতরূপে মহিমান্বিত পাপ। কিন্তু আমাদের দেশের ছোট বাচ্চারা যীশু খ্রীষ্টের সম্পর্কে যতটা বলতে পারে তার চেয়ে আপনাকে ম্যাট ডিলন সম্পর্কে বেশি বলতে পারে। সেই—সেই—সেই দোকানগুলিতে, দশ-সেন্টর দোকানগুলিতে, আর পোশাক বিভাগে, ছোট—ছোট খেলনা বন্দুক ঝুলছে, সঙ্গে ছোট টুপি যেটা—যেটা আপনি যে কোন জায়গায় কিনতে পারেন। এটা পরিধান করা ঠিক আছে, কিন্তু আমি—আমি শুধু আপনাদেরকে বলছি, আপনারা দেখুন। তারপর তারা—তারা, বাণিজ্যিক বিশ্ব, সেই জিনিসটি তুলে নেয় এবং এটা থেকে কয়েক মিলিয়ন ডলার উপার্জন করে।

48 আমরা যা বলে থাকি "সেন্ট প্যাট্রিক ডে," আমরা এদের বলে থাকি "ধর্মীয় ছুটির দিন।" আর বাণিজ্যিক বিশ্ব এটা তুলে নিয়েছে, আর তারা লক্ষ লক্ষ ডলার উপার্জন করে। "মাতৃ দিবস," ফুলের গুচ্ছ। কেন, প্রতিটি দিন মায়ের কাছে একটি সম্মানজনক দিন হওয়া উচিত। তিনি কোথাও আছেন, বৃদ্ধ, তাকে দেখতে যান। আপনি যে ফুল তাকে পাঠাতে পারেন তার চেয়ে এটা বেশী মূল্যবান হবে, অথবা অন্য কিছু। দেখুন, কিন্তু তারা তা তুলে নেয়। এটা একটি

রব, আর—আর আমরা ঠিক এর সাথে মিশে যাই। এটা আসলে ঠিক নয়। কিন্তু আপনি কি করতে যাচ্ছেন? দেখুন, আমরা—আমরা শুধু...

49 আমি আপনাকে একটা কথা বলার জন্য এখানে একটা স্থানে যাওয়ার চেষ্টা করছি, যেটা আমি—আমি বিশ্বাস করি। এই রবটি বিরল, ঈশ্বরের রব।

50 এখন, আমরা খুঁজে পেয়েছি যে তারা গতি নির্ধারণ করেছে। আর আপনারা কি কখনও লক্ষ্য করেছেন? আমাদের তরুণ ছেলেরা "রিকি" আর "এলভিস" হয়ে গেছে। আপনি যদি বাচ্চাকে এই নাম দিয়ে থাকেন, তাড়াতাড়ি পরিবর্তন করুন, তাদের নম্বর দিন "এক" অথবা "দুই," অথবা অন্যকিছু। এটা করবেন না, এটা ভয়ঙ্কর... আপনারা বলেন, "নামের অর্থে কি পার্থক্য হয়?" কেন, নিশ্চয়ই, এর কিছু অর্থ আছে। আপনার নাম আপনার জীবনের চরিত্র গঠন করে। "এখন, ভাই ব্রানহাম, আপনি সংখ্যাতত্ত্বের উপর আছেন।" না, আমি নই! সদাপ্রভু এই কথা কহেন আমি এর উপর আছি! কেন এটা যখন যাকোব, তিনি তার নামের অনুসারে কাজ করেছিলেন, যেমন—যেমন প্রতারক, দালাল, যাকোব। আর যখন ঈশ্বর তাকে পরিবর্তন করলেন, তিনি তার নাম পরিবর্তন করলেন। ঈশ্বর শৌলকে পৌল, শিমোনকে পিতরে পরিবর্তন করেছিলেন। অবশ্যই, এর কিছু অর্থ আছে। আর রিকি এবং এলভিস, আর এই নামের মতো, আধুনিক আমেরিকান নাম যা একটি শিশুকে স্বয়ংক্রিয়ভাবে এর মধ্যে ফেলে দেয়। দেখুন আমি কি বলতে চাইছি?

51 এখন, আমি আশা করি আমি করবো না...এর একটি শাখায় বেশী দূর না গিয়ে আমি এর সমর্থনে আরো কিছু বলি, (দেখুন আমি কি বলতে চাচ্ছি?) যা আপনি বুঝতে পারবেন না। কিন্তু এই সব বিষয়গুলি সাধারণ মানুষও বুঝতে পারে না। তারা এটা ধরতে পারে না, কারণ তাদের একটি প্রবণতা আছে। সেটাই তারা শুনে, সেই রবগুলি।

52 সেটা দার্শনিকদের, সাম্যবাদের একটি রব, এমন কিছু প্রতিশ্রুতি যা তারা নিজেরা রাখতে পারে না। তথাপিও আমেরিকান জনগণের একটি বড় শতাংশ সাম্যবাদে আবদ্ধ। এখন, আমি সাম্যবাদে গিয়েছিলাম, সাম্যবাদের অঞ্চলে, বরং, জার্মানিতে, বার্লিনের পূর্ব দিকে। বাইরে দেখানোর জন্য তাদের বড় বড় ঘর ছিল। আপনার উচিত তাদের ভিতর থেকে ঘুরে আসা, এমনকি তাদের নির্মাণ কাজও সমাপ্ত হয় নি। এটি একটি মিথ্যা অর্থনীতি, তারা কিছু চাপিয়ে দেওয়ার চেষ্টা করছে।

53 আর, রাশিয়ায়, সাম্যবাদের জন্মস্থান...যা, অনেক বছর আগে, যখন আমি একজন বালক প্রচারক ছিলাম, আমি বলব তেত্রিশ বছর আগে, যখন নাৎসিবাদ, ফ্যাসিবাদ, আর সাম্যবাদের উত্থাপন হচ্ছিল, আমি বলেছিলাম, "আমি প্রভুর নামে বলি! তারা সবাই সাম্যবাদে শেষ হয়ে যাবে।" কিন্তু, আপনি কি কখনো ভেবেছেন, ঈশ্বর আমাদের একটি পথ ছেড়ে দিয়েছেন, যদি আমরা শুধু এটা গ্রহণ করি। রাশিয়ার মাত্র এক শতাংশ সাম্যবাদী, এক শতাংশ, কিন্তু তারা নিয়ন্ত্রক শতাংশ। এক শতাংশ সাম্যবাদী...রাশিয়ার এক শতাংশ সাম্যবাদী, বরং, তারা নিয়ন্ত্রণ করে।

54 আর একই বিষয়, হলিউড একটি স্থান, কিন্তু তারা নিয়ন্ত্রণ করছে।

55 মার্কিন যুক্তরাষ্ট্রের জনসংখ্যার প্রায় এক তৃতীয়াংশ অথবা দুই তৃতীয়াংশ গির্জায় যায়, আর তারা গির্জার সদস্য, কিন্তু তারা সেই ধর্মসম্প্রদায়গুলি নিয়ন্ত্রণ করে।

56 সেখানে সাম্যবাদের যা প্রয়োজন আছে সেটা হল তাদের মধ্যে ঈশ্বরের রব উঠে আসা, আর এটা তাকে লজ্জায় ফেলে দিবে।

57 ফিনল্যান্ডে, যখন সেই ছোট্ট ছেলেটিকে সেদিন মৃতদের মধ্যে থেকে জীবিত করা হয়েছিল, আর তারা আমাকে তিনটি স্কোয়ার দূরে নিয়ে এসেছিলেন, যেখানে এই ছোট্ট ছেলেটিকে জীবিত করা হয়েছিল, মৃত অবস্থা থেকে; সাম্যবাদের সৈন্যরা, রাশিয়ানরা, সেখানে রাশিয়ান সালাম দিয়ে দাঁড়িয়ে ছিলেন, আর তাদের গাল বেয়ে অশ্রু গড়িয়ে পড়ছিল। তারা বলেছিলেন, "আমরা এমন ঈশ্বরকে গ্রহণ করবো যিনি মৃতদের জীবিত করতে পারেন।" এটি ক্যাথলিক গির্জার এবং লুথেরান গির্জার অবহেলা, আর সেই সমস্ত ধর্মসম্প্রদায়ের, আর তারা সমস্ত অর্থ গ্রহণ করছে, আর সংস্থাগুলি তৈরি করছে, আর লোকদের কিছুই দেয় নি। তারা বাকিদের মতো জীবনযাপন করে। তাদের আছে...

58 রাশিয়ার যা প্রয়োজন আছে তা হল একজন ভবিষ্যদ্বক্তা যিনি প্রভুর বাক্যের সাথে দৃশ্যে উঠে আসেন, যিনি পারেন—মুখ বন্ধ করতে পারেন। তখন সেই নব্বই শতাংশ নিয়ন্ত্রণ নিবে।

59 আমেরিকার যা দরকার সেটা হল ঈশ্বরের ভবিষ্যদ্বক্তার রব, যিনি উঠে দাঁড়াতে পারেন এবং হলিউডের নিন্দা করতে পারেন, আর যীশু খ্রীষ্টের নামে এই বিষয়গুলির নিন্দা করেন, আর পবিত্র আত্মা মন্ডলীর নিয়ন্ত্রণ নিবে। অনেক বেশি বিভ্রান্তি, দেখুন, এর বিপরীতে অনেক রব।

60 গীর্জা, তার রব, প্রত্যেকে আরও সদস্য চায়। ব্যাপটিস্টরা সবাইকে চায়, মেথডিস্ট সবাইকে চায়, প্রেসবিটেরিয়ান। আমাদের সবারই এইগুলো আছে। আর ক্যাথলিকদের দেখে মনে হচ্ছে তারা সবাইকে গ্রাস করবে, আর তারা করবে। এই বাইবেল থেকে এটা ঠিক ঈশ্বরের রব। তারা শাসন করবে।

61 কিন্তু সবচেয়ে উচ্চ ঈশ্বর শেষে শাসন করবেন। একদিন, সন্ত-রা নিয়ন্ত্রণ নিবে, বাইবেল তাই বলে। তারা নিয়ন্ত্রণ নিবে।

62 এত ভয়ঙ্কর রব! তারপর মিথ্যা ভবিষ্যদ্বক্তাদের রব আছে। সেটা একটা ভয়ঙ্কর রব, একজন মানুষ যিনি নিজেকে ভবিষ্যদ্বক্তা বলেন। একজন ভবিষ্যদ্বক্তা, অবশ্যই, একজন প্রচারক। আধুনিক শব্দ "ভবিষ্যদ্বক্তা" নিশ্চিতভাবে এর অর্থ হল "একজন মানুষ যিনি অনুপ্রেরণার অধীনে প্রচার করেন।" সেখানে একজন আছেন যিনি দাঁড়িয়ে নিজেকে ভবিষ্যদ্বক্তা বলেন, আর ঈশ্বরের বাক্য অস্বীকার করেন, ঈশ্বরের সত্যকে অস্বীকার করেন। সেখানে অনেক রব আছে!

63 মাত্র কয়েক মুহূর্ত আগে, সেখানে একজন ভাই আমাকে নির্দেশনা দিয়েছিলেন যে এখানে কোথায় আসতে হবে, কিন্তু আমি...অনুমান করি তিনি বিস্মিত হয়েছিলেন কেন আমি সেই রাস্তায় গিয়েছিলাম আর ঘুরে দাঁড়িয়ে ফিরে এসেছি। আপনি যদি এখানে থাকেন, ভাই, আমি কিছু শুনছিলাম, এটা আমাদের—আমাদের নিগ্রো বন্ধুরা, নিগ্রো। তাদের এখানে একটি মন্দির আছে, আর তারা এটাকে বলে, "এলাইজা মোহামেড," অথবা এমন কিছু, "তরুণ এলাইজা মোহামেড।" একটি রব নিয়ে উত্থাপিত হচ্ছে, আর বলছে যে এটা সেই রব যেটা এই—এই বিশৃঙ্খলা থেকে নিগ্রো জাতিকে বাইরে আনতে যাচ্ছে। যে, আপনারা দেখুন, সেই বিষয়টি, তাদের—তাদের—তাদের মুসলিমরা এখানে আছে, তাদের মসজিদ। কেন, আপনারা দেখতে পাচ্ছেন না, যে এর পটভূমি, এটা ভুল!

64 নিগ্রো মানুষরা, ঠিক সাদা মানুষদের, বাদামী মানুষদের, আর হলুদ মানুষদের মতো, ফিরে না...মোহাম্মদের ধর্মে ফিরে না গিয়ে, কিন্তু খ্রীষ্টের কাছে ফিরে আসুন, সেই নীতিগুলি যা বাইবেল শিক্ষা দেয়। ইসলামধর্ম বাক্যের বিরুদ্ধে। এখন, আমি দক্ষিণ আফ্রিকার ডারবান শহরে এক সময় দশ হাজার মুসলমানদের খ্রীষ্টের কাছে নিয়ে যাওয়ার সৌভাগ্য পেয়েছিলাম। এটা মনোবিজ্ঞান ছাড়া আর কিছুই তৈরি করে না। আর মনোবিজ্ঞান ঠিক আছে যতক্ষণ না মনোবিজ্ঞান বাক্যকে অস্বীকার করে না। কিন্তু যখন মনোবিজ্ঞান বাক্যকে অস্বীকার

করে, তখন মনোবিজ্ঞান ভুল। এটা একটি অনিশ্চিত ধ্বনি দেয়। সেখানে, ঈশ্বরের বাক্য ছাড়া অন্য সব কিছু চলে যাবে, যীশু তাই বলেছেন, "আকাশের ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু আমার বাক্যের লোপ কখনও হইবে না।" সুতরাং, আপনারা দেখতে পাচ্ছেন আমাদের অবশ্যই বাক্য, ধ্বনির সাথে থাকতে হবে।

65 এতগুলি বিভ্রান্তিকর বিষয়! লোকেরা উঠে পড়ে, তারা বাক্য জানে না, আর তারা কিছু বলে, আর সম্ভবত এটা খুব যুক্তিসঙ্গত বলে মনে হয়। সাম্যবাদ খুবই যুক্তিসঙ্গত বিষয়, "সবাই একই রকম। আর কোন পুঁজিপতি নয়, তারা সবাই সাম্যবাদী।" আপনি কি কখনো এটা ভেবেছেন যে এটা একটি মিথ্যা পুনর্জাগরণ, সাম্যবাদ? আর তিনি কোথা থেকে এটি অনুসরণ করেছেন? যে...যীশু বলেছেন, "দুটি আত্মা এত কাছাকাছি হবে, যদি হতে পারে তবে মনোনীতদিগকেও ভুলাইবে।" আর শয়তানের যা কিছু আছে, এটা ঈশ্বর যা সৃষ্টি করেছেন তার বিকৃতি। পাপ হল— হল ধার্মিকতার বিকৃতি। মিথ্যা হল সত্যকে ভুলভাবে উপস্থাপন করা। ব্যভিচার হল—হল, এমন একটি কাজ যা ঈশ্বর আমাদেরকে আদেশ দিয়েছেন, তার বিকৃত। সমস্ত অবিশ্বাস হল বিশ্বাসের বিকৃতি। বিকৃত—বিকৃতকে গ্রহণ করার জন্য আপনাকে সত্যকে অস্বীকার করতে হবে। দেখুন, এই রবগুলিকে সোজা করুন, বাক্য দ্বারা পরীক্ষা করুন এবং দেখুন এটা সত্য কিনা।

66 ওহ, আজকের এই রব দিয়ে আমরা কীভাবে এগিয়ে যেতে পারি, কিন্তু আমাদের সময় চলে গেছে। কিন্তু, এত রব যে মানুষ জানে না কি করতে হবে। মেথডিস্ট অবশেষে একজন ব্যাপটিস্ট প্রচারকের কথা শুনবেন, তারা সেখানে যাবেন, তারা সেখানে কিছুক্ষণ থাকবেন এবং তারপর তারা লুথারেনের কাছে যাবেন। আর পেন্টিকোস্টালদের মধ্যে, তাদের বিভিন্ন গোষ্ঠী রয়েছে, একজন আরেকজনের কাছে ছুটে যাবেন, আর একজন অন্যজনের কাছে, তারপর আগে পিছনে। এটা দেখায় যে আপনারা স্থিতিশীল নন। তার রব শুনুন! এখানে এটা, কাগজে লেখা, সেই রব, যদি এটা সত্য হয় সেই রবকে নিশ্চিত করা হবে।

67 গির্জার বিশ্ব জানে না কী করতে হবে, রাজনৈতিক বিশ্ব বিশৃঙ্খলার মধ্যে রয়েছে। সবকিছু বিশৃঙ্খলার মধ্যে আছে বলে মনে হচ্ছে। লোকরা এখান থেকে ছুটে যায়, অন্য কিছু উঠে আসে, কিছু জ্যাকেট, কিছু কোট। যখন আমি রোমে ছিলাম, তারা উনিশটি ভিন্ন প্রমাণিত পেরেক পেয়েছিল যা যীশুর হাতে বিদ্ধ করা হয়েছিল; আর মাত্র তিনটি আছে, কিন্তু তবুও তারা নথিতে পেয়েছে যে

উনিশটি ভিন্ন পেরেক। এখন, কার কাছে পেরেক আছে এটা নিয়ে কি হবে? খ্রীষ্ট আমাদের উপাসনার জন্য পেরেক ছেড়ে যাননি, তিনি আমাদের জন্য পবিত্র আত্মা রেখে গেছেন, তাঁর বাক্যের দ্বারা! "যাহারা বিশ্বাস করে এই চিহ্নগুলি তাহাদের অনুবর্ত্তী হইবে, তাহারা সেই আসল পেরেক পাইবে"? "তাদের থাকবে...এই চিহ্নগুলি তাদের অনুবর্ত্তী হইবে যারা বিশ্বাস করে, তারা আমার দ্বারা শুরু করা ধর্মসম্প্রদায়ের অন্তর্ভুক্ত হবে"? তিনি কোনটাই শুরু করেনি। দেখুন রব কেমন বিপরীতে?

68 কিন্তু, "*এই* লক্ষণগুলি তাদের অনুসরণ করবে যারা বিশ্বাস করে: তাহারা আমার নামে ভূত ছাড়াইবে।" এইখানে সেই বাক্য আছে। "তাহারা নূতন নূতন ভাষায় কথা কহিবে; তাহারা সর্প তুলিবে, তাহাতে কোন মতে তাহাদের হানি হইবে না। প্রাণনাশক কিছু পান করিলেও, তাহাতে কোন মতে তাহাদের হানি হইবে না। তাহারা পীড়িতদের উপরে হস্তার্পণ করিবে, আর তাহারা সুস্থ হইবে।" আর আপনি এই বিষয়গুলি এবং বাকি সমস্ত শাস্ত্র একসাথে দেখুন।

69 এখন, একা এটা নিশ্চিত করবে না, মোটেও নয়। সেখানে আমরা পেন্টিকোস্টালরা ভুল পথে চলে যাই। যীশু কি বলেননি, "সেদিন অনেকেই আমার কাছে আসবে, এবং বলবে, 'প্রভু, আমি কি আপনার নামে মহৎ কাজ করিনি? আমি কি আপনার নামে ভবিষ্যদ্বাণী করিনি? আমি কি এই সব আপনার নামে করিনি?'" আর যীশু বলেছেন, "হে অধর্ম্মাচারীরা, আমার নিকট হইতে দূর হও, আমি কখনও তোমাদিগকে জানি নাই।" আপনারা কি দেখতে পাচ্ছেন, আমার বোন ও আমার ভাইয়েরা, আমি কেন এই প্রজন্মকে এত অভিযোগ ও দোষারোপ করছি? আপনি অন্যদের এবং স্বর্গদূতদের মতো নতুন নতুন ভাষায় কথা বলতে পারেন, আপনি গির্জার চারদিকে আত্মায় নাচতে পারেন, সেটা এর সাথে কোন সম্পর্ক নেই।

70 আমি মুসলমানদের এইভাবে নাচতে দেখেছি। ডাক্তারের কাছে শুনেছি...ডাইনীর শিবিরে, ডাইনীরা দাঁড়িয়ে আর নতুন নতুন ভাষায় কথা বলতে এবং ব্যাখ্যা করতে দেখেছি, আর ঠিক কী ঘটতে যাচ্ছে তা বলতে, আর এটা ঠিক সেভাবে ঘটেছিল। আমি এমনকি দেখেছি একটি পেন্সিল উঠে এসে অজানা ভাষায় লিখতে, আর সেখানে কেবল একজনই এটা পড়তে পারে, আর এটা ছিল শয়তানের। আপনি কিছু অনুভূতির উপর আপনার চিরন্তন গন্তব্যকে ভিত্তি করতে পারবেন না। শয়তান এই অনুভূতিগুলির

অনুকরণ করতে পারে। না...এটা খ্রীষ্টকে জানা, আপনার জীবনে কিছু পরিবর্তন ঘটে। আপনার জীবনের দিকে দেখুন এবং বাক্যের সাথে আদর্শরূপে গঠন করুন, আর দেখুন আপনি কোথায় আছেন। তালিকা করছেন, অবশ্যই।

71 এই সব ছদ্মবেশ, মিথ্যা রব, মিথ্যা ভাববাদী সত্ত্বেও, এই সমস্ত অন্যান্য বিষয়গুলি যা উঠে আসছে, এত কিছুর পরেও, যীশু বলেছেন, "যদি কোন ব্যক্তি আমার রব শুনে এবং আমাকে অনুসরণ করে।" তিনি হলেন বাক্য। শুনুন, আজ আমাদের কাছে তাঁর কর্মভার, এই সমস্ত রবের মধ্যে। যেটা, আমি বলেছিলাম এই সব রব বের করে আনতে অনেক সময় লাগবে। আর এটা মানুষের কাছে বিভ্রান্তিকর, এটা একটি করুণ বিষয়। আর, সর্বোপরি, আপনি দ্বিতীয় সুযোগ পাবেন না, আপনাকে এটা এখনই নিতে হবে। আপনি আজ রাতে সুযোগ নাও পেতে পারেন। আপনি হয়তো আগামীকাল সুযোগ পাবেন না। এটা এখনই! "অদ্য যদি তোমরা আমার রব শ্রবণ কর, তবে আপন আপন হৃদয় কঠিন করিও না, যেমন সেই বিদ্রোহস্থানে। এখনই সেই সময়। এটাই গ্রহণযোগ্য সময় যদি কোন ব্যক্তি আমার রব শুনতে পারে।" এটা দেখায় যে তাঁর রব এখনও সমস্ত বিশৃঙ্খলার মাঝে থাকবে। তার একটি রব আছে! কেন? তার রব চিরকাল থাকবে। এটা এখানে, "আকাশের ও পৃথিবীর লোপ হইবে, কিন্তু আমার রব এর লোপ কখনও হইবে না," তাঁর বাক্য।

72 আসুন আমরা, দ্রুত, আরও পাঁচ মিনিট সময় নিই। আপনারা কি, আপনারা কি ততক্ষণ অপেক্ষা করবেন, অথবা কয়েক মিনিট? এখন, আমি তাড়াতাড়ি করব। আসুন আমরা এমন কিছু ব্যাক্তিকে দেখি যারা এই রব শুনেছিলেন এবং তাকে অনুসরন করেছিলেন। এটা তাদের কীভাবে আচরন করতে শিখিয়েছিল, এটা তাদের কী করতে শিখিয়েছিল। এখন, আমি এখানে অনেক—অনেক বাক্য ছেড়ে চলে যাচ্ছি, শুধুমাত্র আপনাদের কাছে সরাসরি পৌঁছানোর জন্য: এটা কীভাবে তাদের জীবন এবং তাদের সম্পর্কে যা কিছু আছে সমস্ত কিছুর পরিবর্তন করেছিল; কিভাবে তারা আজব ব্যক্তিতে পরিণত হয়, আমরা বলে থাকি "আজব।" প্রত্যেক ব্যক্তি যিনি ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন, তাকে আজব ব্যক্তি বলা হত। কারণ, আপনি যদি বিশ্বের ট্রেন্ডে থাকেন, তাহলে আপনার সঙ্গে কিছু ভুল আছে। খ্রিস্টান হতে হলে আপনাকে আজব ব্যক্তি হতে হবে। "আর যত লোক ভক্তিভাবে খ্রীষ্ট যীশুতে জীবন ধারণ করিতে ইচ্ছা করে, সেই সকলের প্রতি তাড়না ঘটিবে। তিনি জগতে ছিলেন,

এবং জগৎ তাঁহার দ্বারা হইয়াছিল, আর জগৎ তাঁহাকে চিনিল না।" এখন তাড়াতাড়ি, মনোযোগ দিয়ে শুনুন যখন আমরা শেষ করছি।

73 আদম তাঁর রব শুনতেন, সন্ধ্যার ঠান্ডা সময়ে, আর তাঁর সঙ্গে সহভাগিতা করতেন। আদমের কোন দণ্ডাজ্ঞা ছিল না। তিনি ঈশ্বরের রব শুনেছিলেন, আর তিনি বলেছিলেন, "পিতা, এখন আমি নিজেকে নিদ্রা যাওয়ার জন্য শুইয়ে দেই।" আর তিনি শুয়ে পড়লেন, আর হবা তার বাহুতে, সিংহ, বাঘ, আর তার চারপাশে বন্য জন্তু, কোন ক্ষতি ছিল না, অসুস্থ হওয়ার কোন সম্ভাবনা ছিল না, ভাবার কোন উপায় ছিল না যে সে সকালে ঘুম থেকে উঠবে কিনা, তারা জেগে উঠবে। আদম তার রব শুনেছিলেন যেভাবে তার শুনা উচিত ছিল।

74 কিন্তু একদিন তিনি তার স্ত্রীর কথা শুনলেন। আমি কিছু সময়ের জন্য এটাকে রেখে দেই। কিন্তু তিনি ভুল রব শুনলেন, যদিও এটা তার স্ত্রী ছিল, পৃথিবীর সবচেয়ে কাছের সম্পর্ক। কেন তিনি, ইয়োবের মত, "তুমি একটা মূঢ়া স্ত্রীর মত কথা কহিতেছ" ? যদি এটা হতো, তাহলে সমগ্র মানব জাতি মরার পরিবর্তে বেঁচে থাকত। এটা মানুষের গতিপথ এবং সময়ের পরিবর্তন করেছে। কিন্তু তিনি ঈশ্বরের রব শুনেছিলেন, তার সাথে তার সহভাগিতা ছিল, কিন্তু যখন তিনি ফিরলেন...তিনি কিভাবে জানলেন যে তার স্ত্রী ভুল ছিলেন ? মনে রাখবেন, এটা মনোরম ছিল।

75 আমরা আজ মনে করি যে আমাদের ধর্মসম্প্রদায়, গীর্জা, আমরা মনে করি যে আজ আমাদের সমৃদ্ধি ঈশ্বর আমাদের উপর আনন্দিত। এটা ভালো দেখায়। এটা ভালো দেখাচ্ছিল যখন মীখায় চারশো ভাববাদীর সামনে দাঁড়িয়েছিলেন, আর সমস্ত দেশ তাদের ছিল, আর পলেষ্টীয়রা তার উপর রাজত্ব করছিল, অথবা, সিরীয়রা, এটা ভালো দেখাচ্ছিল। এই ভাববাদীরা বলেছিলেন, "সেখানে যান, এটা আমাদের। এটা গ্রহণ করা !" কিন্তু এটা ঈশ্বরের কণ্ঠস্বর ছিল না। আর মীখায় ফিরে সেই রবকে অভিশাপ দিলেন। আর এটা করতে তিনি কিভাবে জানলেন ? কারণ তার দর্শনটি ছিল বাক্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সেটাই একমাত্র উপায় আজ এটা বিশ্বাস করার জন্য এবং দেখার জন্য, এটা বাক্যের উপর হতে হবে।

76 তাহলে আপনারা কি লক্ষ্য করেছেন ? আদম ঈশ্বরের রব ছাড়া অন্য রব শোনার পর, তার নিজের স্ত্রী...এবং গীর্জা তার ধর্মসম্প্রদায়ের রব শুনছে, তাদের মধ্যে বাক্যর পরিবর্তে ধর্মমতকে প্রবেশ করাচ্ছে, তাদের নিজেদের ইচ্ছামতো জীবনযাপন করতে দিয়ে। যতক্ষণ তারা গির্জায় যায় এবং একটি নির্দিষ্ট গীর্জার সদস্য

হয়, এটাই সবকিছু। পৃথিবীতে বিশ্বাসীর সবচেয়ে কাছের সম্পর্ক, তাদের কাছে, হল গীর্জা। কিন্তু বিশ্বাসী, প্রকৃত বিশ্বাসী, নিকটতম সম্পর্ক হল পবিত্র আত্মা, ঈশ্বরের বাক্য।

77 তাই আপনি খুঁজে পাবেন যে আদম তার অবস্থা বুঝতে পেরেছিলেন, আর তিনি ঈশ্বরের রবকে পুনরায় রব দিতে শুনেছিলেন, আর তখন তিনি ডুমুরের পাতায় ছিল। কিন্তু এটা ছিল দণ্ডাজ্ঞার রব, "কেন তুমি এই কাজ করেছো ?"

78 আমি ভাবছি আজ আমেরিকা যদি, অথবা বিশ্ব তার ধর্মীয় কোলাহলে, যে ভাবে আছে, আর আমেরিকা গ্রাস করছে, গ্রাস করা হচ্ছে, খুব শীঘ্রই এটা একটি জাতীয় ধর্ম হবে। [টেপের খালি অংশ—সম্পাদক।]

79 যেটা আমার সামনে আসছে ? আমি জানি এটা টেপ এবং এটা সারা বিশ্বে যাবে। আমাদের টেপ প্রোগ্রাম আছে, যেন প্রতিটি বার্তা সমগ্র বিশ্বকে, অন্য সব দেশ নিয়ে যায়।

80 কিন্তু, আপনি যদি তাকান আর দেখেন, আপনি কেবল ডুমুরের পাতার মধ্যে দাঁড়িয়ে আছেন। যখন ঈশ্বরের আসল রব বেরিয়ে আসে, তারা এটা নিয়ে কি করতে হবে জানেন না। এটা বিভ্রান্তিকর, তারা জানেন না কি করতে হবে।

81 তাড়াতাড়ি, নোহ ঈশ্বরের রব শুনেছিলেন। এটা তার জীবন বাঁচানোর প্রস্তুতি নিচ্ছিল, আর তিনি নির্দেশাবলী অনুসরণ করেছিলেন এবং তিনি দাঁড়িয়েছিলেন।

82 যদি কোন ব্যক্তি সেই রব শুনতে পান...এখন শুনুন, ভালো করে শুনুন। ব্যর্থ হবেন না। যদি কোন ব্যক্তি কারো রব শুনতে পান, আর যদি তা ঈশ্বরের রব হিসেবে প্রমাণিত হয়, আর যথাসময়ে, আর তারপর এটা সেই ব্যক্তির মধ্যে থেকে এগিয়ে যায়, আকাশের ও পৃথিবীর লোপ হইবে কিন্তু আমার বাক্যের লোপ কখনও হইবে না।

83 নোহ সেই রবটি শুনেছিলেন, আর বিশ্বের নিন্দা করেছিলেন। আর তারা তার সামনে হেসেছিল কারণ তার—তার বার্তা তাদের অর্জিত বৈজ্ঞানিক জ্ঞান এর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ছিল না, কিন্তু বৃষ্টি হয়েছিল এবং সমগ্র বিশ্বকে ধ্বংস করেছিল। দেখুন ? তার রব যেটা গিয়েছিল, বীজ সেখানেই পড়েছিল। প্রতিটি যুগেই এটা একই ভাবে হয়েছে।

84 শমূয়েল, তিনি শঙ্কিত হয়েছিলেন যখন তিনি ঈশ্বরের রব শুনেছিলেন, যে তিনি...এগিয়ে যেতে আর এলির উপর দোষারোপ

করতে, যে ব্যক্তি তাকে লালন-পালন করেছিল। যে ব্যক্তি তার পিতা ছিলেন এবং তাকে বড় করেছিলেন, খাদ্য দিয়েছিলেন।

85 সেবক ভাইরা, আমি কি করব? সেবকরা, অনেক সময়, তাদের ধর্মমতের ভিত্তিতে আর ধর্মসম্প্রদায়ের ভিত্তিতে, তাদের পকেটে তাদের পরিচয়পত্র নিয়ে, ঠিক তার পিতার, ঠিক সেই সংগঠন যে তাদের লালন-পালন করেছে আর তাদের খাদ্য প্রদান করেছে আর তাদের উপরে নিয়ে এসেছে আর গীর্জায় তাদের নির্দিষ্ট স্থানে রেখেছে, আর তাদের একটি মন্ডলীতে রেখেছে, তারা যা শেখায় আপনাকে তা মেনে নিতে হবে। দেখুন? ঈশ্বরের একজন প্রকৃত সেবকের জন্য ঈশ্বরের রব শুনতে পাওয়া কতটা ভয়ঙ্কর ব্যাপার হবে আর সেই একই মাতৃ সংগঠনে ফিরে আসতে হবে, বলুন, "আপনি দণ্ডিত কারণ আপনি এই বাক্যটি গ্রহণ করেন নি।" কি একটা ব্যাপার!

এটা শমূয়েলের জন্য কঠিন ছিল। কিন্তু তিনি একজন ভাববাদী ছিলেন, তাকে এটা করতে হয়েছিল। এটা আঘাত করুক অথবা না করুক, যেভাবেই হোক তাকে এটা করতে হয়েছিল।

86 মোশি ঈশ্বরের রব শুনেছিলেন। তিনি ধর্মতত্ত্বে পরিপূর্ণ ছিলেন। তিনি *ভেতরে* ও *বাইরে* সবই জানতেন, কিন্তু এটা ব্যর্থ হয়। তিনি ঈশ্বরের রব শুনেছিলেন, মোশি আর একই রকম ছিলেন না।

87 আর কোন মানুষই কখনোই একই রকম থাকতে পারেন না। আপনি আপনার কানে শুনতে পারেন সেই—সেই কণ্ঠস্বর কথা বলছে, কিন্তু যখন আপনি আপনার হৃদয়ে শুনতে পান, সেই কণ্ঠস্বর কথা বলছে, দেখুন, তখন আপনি শুনছেন। আপনি আপনার চোখ দিয়ে দেখেন না। আপনি আপনার চোখ দিয়ে তাকান, আপনি আপনার হৃদয় দিয়ে দেখেন। আপনি কিছু দেখেন, বলেন, "আমি এটা দেখতে পাচ্ছি না," মানে আপনি এটা বুঝতে পারছেন না। আপনি আপনার কান দিয়ে শোনেন না, আপনি আপনার হৃদয় দিয়ে শোনেন। অনেক সময় আপনার কান ঈশ্বরের আসল রব শুনতে পায়, আর এটা আপনার উপর থেকে এমনভাবে পড়ে যায় যেমন হাঁসের পিঠের জল। কিন্তু যখন আপনি সত্যিই শুনবেন, আপনি আপনার হৃদয় দিয়ে শুনবেন।

88 আর মোশির কাছে যে সমস্ত ধর্মতত্ত্ব ছিল, তিনি ঈশ্বরের রব শুনতে পাননি। কিন্তু একদিন ঈশ্বর এই আশি বছর বয়সী মেষপালককে একপাশে ডেকে তার সাথে কথা বললেন, আর তিনি এটা ধরে ফেললেন। তিনি প্রমাণ করলেন তিনিই ঈশ্বর। তিনি মোশির প্রতি প্রথমে যে কাজটি করেছিলেন, সেটা হল তাঁর বাক্যকে সঠিক

প্রমাণ করা, "আমি করতে যাচ্ছি, আমি যা প্রতিশ্রুতি দিয়েছিলাম তা আমার মনে আছে।"

89 আর শেষ দিনের জন্য তিনি এটাই প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি পরজাতীয়দের মধ্যে থেকে কিছু লোক উত্থাপন করবেন, আর সমস্ত প্রতিশ্রুতি।

90 "এটা আমি প্রতিশ্রুতি দিয়েছি।" বলেছিলেন, "মোশি, তোমার জুতা খুলে ফেল।" অন্য কথায়, সম্মান করো। "এখন তোমার যষ্টিটি ফেলে দেও।" আর একটি—একটি মরুভূমির থেকে শুকনো লাঠি সাপ হয়ে গেল, আর মোশি এটা ধরলেন, আর এটা তার পূর্বাবস্থায় ফিরে গেল। দেখুন ? তিনি জানতেন যে তিনিই ঈশ্বর, কারণ ঈশ্বর বলেছেন, ঈশ্বরের বাক্য, যে বাক্য তিনি বলছিলেন, বলেছিলেন, "তোমার হাতে থাকা লাঠিটা নিচে ফেলে দেও।" এটা ঈশ্বরের বাক্য। একই কাজ করার চেষ্টা করবেন না, এটা আপনার জন্য ঈশ্বরের বাক্য নয়, এটা মোশির জন্য ঈশ্বরের বাক্য। *এখানে* আপনার জন্য ঈশ্বরের বাক্য ! "লাঠি নিচে ফেলে দিন।" এটা একটি সাপে পরিণত হয়েছিল। বলেছিলেন, "এখন তুমি কি এটাকে ভয় পাচ্ছো ? লেজ ধরে এটা তুলে ফেলো," আর এটা পুনরায় ফিরে গেল। ঈশ্বরের বাক্য তার কাছে। তিনি কি করেছিলেন ? ঈশ্বর তাঁর বাক্যকে প্রমাণ করেছিলেন।

91 কয়েক মাস আগে আমার কাছে এখান থেকে একটি কল এসেছিল, প্রায়, হয়েছে, ওহ, প্রায় এক বছর হয়ে গেছে, এক বছর আগে। টেলিফোন সংযোগের শেষে একজন মহিলা, একজন ব্যাপটিস্ট প্রচারক ও একজন পেন্টিকোস্টাল প্রচারকের সাথে। তিনি বললেন, "ভাই ব্রানহাম, প্রভু আমাকে একজন ভাববাদী বানিয়েছেন।"

বললাম, "ঠিক আছে।"

92 বললেন, "আপনি জানেন, আমাকে বলা হয়েছে যে আপনি বলেছেন যে আপনার—আপনার কাছে রেকর্ড আছে যে আমার সেবাকার্য ঈশ্বরের থেকে।"

93 এখন, আমি তা করতে পারিনি, এটা বাক্যের বিপরীত। তাই আমি বললাম, "ভদ্রমহিলা, এটা একটি ভুল। আমি আপনাকে চিনিও না।"

94 আর সেই ব্যাপটিস্ট প্রচারক, আমি তাকে শুনেছি, আমি পেন্টিকোস্টাল প্রচারককে শুনেছি। তিনি বললেন, "ঠিক আছে,

আমি এখানে একটি সভা করছি।” আর বললেন, “প্রভু মহান কাজ করছেন।”

95 আমি বললাম, “আমি এর জন্য কৃতজ্ঞ।” তিনি বললেন... আমি বললাম, “তিনি কি কখনো আপনাকে কিছু বলেছেন ?”

বললেন, “হ্যাঁ, আমি একটি দুর্দান্ত কার্যক্রম হাতে পেয়েছি।”

96 আমি বললাম, “অপূর্ব।” আমি বললাম, “এখন, আপনার কার্যক্রমটি কি ?” আমি বললাম, “প্রভু আপনাকে কি বলেছেন ?”

97 “তিনি বলেছেন, ‘একটি *নির্দিষ্ট-নির্দিষ্ট* তারিখে ফিনিক্স, অ্যারিজোনায় যাও, আর তারপর আমি তোমাকে হারানো ডাচম্যান এর সোনার খনি দিতে যাচ্ছি, আর তুমি সেখানে পাওয়া সোনা নিতে যাচ্ছো আর তুমি বিশ্বজুড়ে মিশনারিদের স্পনসর করতে যাচ্ছো।’” যখন আমরা সবাই জানি যে হারিয়ে যাওয়া ডাচম্যান মাইন একটি লোককাহিনী। “তাই তিনি বললেন।”

98 আমি বললাম, “ঠিক আছে, আমি আপনাকে বলব এটা ঈশ্বর কিনা কিভাবে তা খুঁজে বের করতে হবে।” আমি বললাম, “আপনি সেদিন সেখানে থাকবেন। আর যদি আপনি হারিয়ে যাওয়া ডাচম্যান খনিটি খুঁজে পান তবে এটা ঈশ্বর। যদি আপনি হারানো ডাচম্যানের খনিটি খুঁজে না পান, তাহলে অনুতাপ করুন এবং সেই মিথ্যা আত্মাকে আপনার কাছ থেকে সরিয়ে দিন।” এইভাবেই এটা ঈশ্বর কি না তা খুঁজে বের করতে হয়।

99 ঈশ্বর বললেন, “মোশি, লাঠিটা ফেলে দাও, আর সেটা একটা সাপে পরিনত হবে।” তিনি এটা করেছিলেন। তিনি বলেছিলেন, “এটা তুলে নেও আর এটা পুনরায় একটি লাঠি হয়ে যাবে।” তিনি এটা করেছিলেন।

100 যখন ঈশ্বর এই শেষ দিনগুলিতে একটি সেবাকার্যের প্রতিশ্রুতি দেন, তিনি এটা নিশ্চিত করবেন ঠিক যেভাবে তিনি বলেছিলেন তিনি তা করবেন। তখন আপনি জানবেন যে আপনি সঠিক রব শুনেছেন। আপনি সঠিক বিষয়টি শুনেছেন, কারণ এটা বাক্য প্রমাণিত হয়েছে। দেখুন ? ওহ, কিভাবে...আমি দুঃখিত, আমি... সব ঠিক আছে।

101 মোশি ভিন্ন কাজ করেছিলেন। দেখুন মোশি একটা—একটা মজার কাজ করেছিলেন। এখন, সবসময় যখন আপনি ঈশ্বরের রব অনুসরণ করছেন, তখন আপনি পাগল, বিশ্বের কাছে। পরের দিন, মোশিকে পাওয়া গেল, তার স্ত্রীর সাথে একটি খচ্চরের উপর বসে থাকতে, আর তার কোলের উপর একজন তরুণ, অথবা সেটা

দক্ষিণে, "শিশু" তার কোলের উপর, আর সেখানে তারা ছিলেন। এই বুড়ো লোকটি দাড়ি *এইভাবে* ঝুলে আছে, আর তার টাক মাথা চকচক করছে, হাতে একটি লাঠি, একটি ছোট গাধাকে নেতৃত্ব দিয়ে, ঠিক মিসরের দিকে যাচ্ছিলেন যত তাড়াতাড়ি তার পক্ষে সম্ভব। কেউ বললেন, "মোশি, আপনি কোথায় যাচ্ছেন ?"

102 "মিসরে যাচ্ছি, তাদের ছাড়িয়ে আনতে।" যখন তিনি একজন যুবক হিসাবে ব্যর্থ হয়েছিলেন, তিনি একজন সামরিক ব্যক্তি হিসাবে ব্যর্থ হয়েছিলেন, কিন্তু এখানে তিনি অধিগ্রহণ করতে যাচ্ছিলেন। আর তিনি এটা করেছিলেন। কেন ? তিনি ঈশ্বরের রব শুনেছিলেন এবং দেখেছিলেন তার দিনগুলোতে এটা প্রমাণিত হতে; তার দিনগুলোতে যা কিছু হওয়ার কথা ছিল, তিনি তা দেখেছেন।

103 পৌল, একজন স্বয়ংসম্পূর্ণ ফরীশী, তার পক্ষে যতটা সম্ভব তিনি ততটা ধর্মতত্ত্বে পরিপূর্ণ ছিলেন, কিন্তু একদিন তিনি ঈশ্বরের রব শুনলেন। তিনি আগুনের একটি স্তম্ভ দেখেছিলেন, আর তিনি জানতেন যে সেখানে কিছু ভিন্ন ছিল। এটা তার জীবন বদলে দিয়েছিল। কোনো ব্যাপার না কতজন ফরীশী, কতজন গামালিয় অথবা অন্য কেউ পৌলকে চিৎকার করে বলে, "আপনি ভুল, আপনি ভুল," পৌল ঈশ্বরের রব শুনেছিলেন, তিনি জানতেন এটাই সত্য।

104 পিতর, তিনি ধর্মীয় হতে পারেন, প্রাচীনদের ঐতিহ্য বজায় রেখে, তিনি কোন মাংস খেতেন না। না, মহাশয়। এ ব্যাপারে তার কিছু করার ছিল না। তিনি সত্যিই প্রাচীনদের ঐতিহ্য রক্ষা করছিলেন, বাক্য অনুসরন করে। কি হয়েছিল ? একদিন তিনি ঈশ্বরের রব শুনলেন, "কোন মনুষ্যকে অপবিত্র কিম্বা অশুচি বলা অনুচিত, যখন আমি শুচি করি।" তিনি ছিলেন একজন পরিবর্তিত মানুষ। তিনি যে কোন স্থানে যাওয়ার জন্য প্রস্তুত ছিলেন যেখানে প্রভু তাকে প্রেরন করেন।

105 শেষ করার সময়, আমি এটা বলতে পারি। এক সময় একজন ব্যক্তি ছিলেন যিনি বিশ্বাসী ছিলেন। তিনি চার দিন আগে মারা গিয়েছিলেন। তিনি কবরে ছিলেন, দুর্গন্ধযুক্ত, পচাগলা, কিন্তু তিনি ঈশ্বরের কণ্ঠস্বরকে কথা বলতে শুনেছিলেন, "লাসার, বেরিয়ে এসো !" আর যদি এটা মৃত এবং পচে যাওয়ার পর একজন ব্যক্তিকে সামনে নিয়ে আসে পারে, তাহলে এমন একটি গির্জার কী করতে পারে যেখানে এখনও প্রাণ আছে ? তাদের পুনরুত্থান করা উচিত, এই সমস্ত রবের বিশৃঙ্খলার মধ্যে যেটা নিয়ে আমরা কথা বলেছি, ধর্মীয়, রাজনীতি, হলিউড, সব মিথ্যা ভবিষ্যদ্বাণী এবং বিষয়গুলি

যা চলে গেছে। এর সবকিছুর মাঝে, ঈশ্বরের সত্যিকারের রব একজন ব্যক্তিকে ডাকবে, যে পাপ এবং অপরাধে মৃত, আবার জীবিত হবে। এটা একটি পশ্চাদপদ হত্তয়া গির্জাকে নিয়ে আর পুনরায় জীবনে ফিরিয়ে আনবে। নিশ্চয়!

106 মনে রাখবেন, শেষ করার সময়, আমি এটা বলি, আর তারপর আমি শেষ করব। যীশু বলেছেন, "সময় আসবে, যখন কবরে যারা আছেন তারা সবই ঈশ্বরের রব শুনতে পাবেন।" আর আপনি এটা শুনতে পাবেন। আপনি যে অবস্থাতেই থাকুন না কেন, আপনি যেকোনোভাবেই এটা শুনতে পাবেন। আর তাদের মধ্যে কিছু যারা কবর থেকে বেরিয়ে আসবেন, তারা দণ্ডের জন্য আসবেন। তারা সেই রব শুনবেন, কিন্তু এটা দণ্ডের জন্য। আর যদি আজ আপনি শুনতে পান, "আজ, এতদিন পর, যখন আপনি আমার রব শুনবেন, আপনার হৃদয়কে কঠিন করবেন না, যেমন আপনি উস্কানির দিনে করেছিলেন।" আর যদি আপনি করেন, পেন্টিকোস্টাল ব্যক্তিরা ধর্মমতের মধ্যে আপনাদের আবার গোষ্ঠীতে বিভক্ত করে, জাগতিকতায়, "লোকে ভক্তির অবয়বধারী কিন্তু তাহার শক্তি অস্বীকারকারী হইবে," আগে আপনাকে পুনরুত্থানে উঠতে হবে দণ্ডিত হওয়ার জন্য, কারণ ঈশ্বরের রব যা এখন আপনার সাথে বাক্যের মাধ্যমে কথা বলে সেই দিন আপনাকে দণ্ডিত করবে।

107 যদি আপনি কেবল একজন কদুষ্ণ বিশ্বাসী হন, ঈশ্বরের রব আজ সকালে আপনার হৃদয়ে চিৎকার করছে, "আপনি একজন কদুষ্ণ বিশ্বাসী," আপনি অনুতপ্ত হন!

108 আপনারা পুরুষ, মহিলা, ছেলে অথবা মেয়ে, যারা খ্রীষ্টের জন্য জীবনযাপন করেন না, আর ঈশ্বরের রব তাঁর বাক্যের মাধ্যমে আপনার সাথে কথা বলেন আর বলেন "এসব করা বন্ধ করুন," আপনি বরং এটা করুন। কারণ আপনি এটা আবার একদিন শুনতে যাচ্ছেন, আর এটা আপনাকে দণ্ডিত করবে। আপনি এটা অস্বীকার করতে পারবেন না, এটা এখন আপনার সাথে কথা বলছে। আর, মনে রাখবেন, এটা রেকর্ড করা হয়েছে।

109 আর যারা সঠিক কাজ করেন এবং তাঁর রব শোনেন, তারা ধার্মিকতা, মহিমায়, স্বর্গে উঠবেন।

110 সুতরাং আপনি কোন সময় ঈশ্বরের রব শুনতে যাচ্ছেন। হয়তো আজ সকালে অস্পষ্টভাবে এটা আপনার হৃদয়ে কথা বলছে, আপনি যে পথে যাচ্ছেন সেটা থেকে আপনার সরে আসা উচিত, ঈশ্বরের কাছে ফিরে আসুন। এখন, মনে রাখবেন, তারা সেই

রবকে স্বর্গে রেকর্ড করে রাখবে যেটা আপনার হৃদয়ের সাথে কথা বলছে। আর কোন একদিন যখন যীশু ডাকবেন, আর যারা কবরে আছেন, সবই, সঠিক এবং ভুল, উঠবেন। আর তখন এই একই রব আপনাকে আস্তে করে বলবে, "অ্যারিজোনার ফিনিক্সে, একটি *নির্দিষ্ট* রবিবার সকালে, যখন সেবক আপনাকে এতক্ষণ ধরে রেখেছিলেন, সেই রব নিয়ে কথা বলছিলেন, আমি তোমার সঙ্গে কথা বলেছিলাম; আপনাদের মহিলাদের বলেছিলাম আপনাদের চুল লম্বা করতে, অনৈতিক পোশাক পরা ছেড়ে দিতে; আপনাদের পুরুষদের বলেছিলাম মিথ্যা কথা বলা, ধূমপান করা ত্যাগ করতে; আপনাদের প্রচারকদের বলেছিলাম ঈশ্বরের বাক্যে ফিরে যেতে।" দেখুন আমি কি বলতে চাইছি ? সেটা ঠিক।

সেই রব এখনও বলছে, "এটা ঠিক হতে পারে।"

111 যদি আমাকে নীকদীমের মতো আসতে হতো, আমি এখনও সেখানে যাওয়ার চেষ্টা করতাম। আমি তাঁর কাছে আসতাম, আর এখানে মরুভূমিতে কোথাও গিয়ে, আর বলতাম, "প্রভু ঈশ্বর, আমি এখানে, এখন আমাকে পরিবর্তন করুন। আমাকে আপনার ফ্যাশনের ছাঁচে ঢালুন।" বাক্যে ফিরে আসার জন্য। কোথাও যেখানে আপনি দেখছেন আপনি বাক্য ছেড়ে চলে যাচ্ছেন, ঠিক সেখানে ফিরে আসুন, কারণ একটি শৃঙ্খল তার সবচেয়ে দুর্বল সংযোগে সবচেয়ে শক্তিশালী। আর আপনার জীবনের যে জায়গায় আপনি ঈশ্বরের আদেশ ত্যাগ করেছেন, একটি ঐতিহ্য পরিবেশন করার জন্য, আপনার শৃঙ্খল সেখানেই ভেঙে যাবে আপনি অন্য বিষয়ে যতটাই দৃঢ় থাকুন না কেন। ঈশ্বরের অপরিবর্তিত হাত ধরুন।

112 আসুন আমরা প্রার্থনা করি। আজ, এতদিন পরে, প্রভু, আপনি বলেছিলেন যে আপনি কথা বলবেন, আপনি হৃদয়ের সারণিতে আপনার ব্যবস্থা লিখবেন। আমি জানি না আমার সামনে কি আছে। একমাত্র বিষয় যা আমি করতে জানি তা হল আপনার বাক্য গ্রহণ করে এবং এটা ছড়িয়ে দেওয়া, অবশ্যই এটা কোথাও কিছু পাথরের নীচে অবস্থান করবে। আমি প্রার্থনা করি, ঈশ্বর, আপনি প্রতিটি যুবক, প্রতিটি মধ্যবয়সী, বৃদ্ধ ব্যক্তির সাথে কথা বলবেন, যাই হোক না কেন। আমার হৃদয়ের সাথে কথা বলুন, প্রভু। এই সেবকদের হৃদয়ের সাথে কথা বলুন। শ্রোতাদের হৃদয়ের সাথে কথা বলুন।

113 আমরা প্রার্থনা করি, পিতা, যে আজ আমরা আপনার রব শুনব। আর আমরা জানি, শমূয়েলের সময় যেমন ছিল, একটি উন্মুক্ত দর্শন একটি বিরল বিষয়, আর এটা মানুষকে চমকে দিয়েছিল। আজও তাই। আমাদের স্বপ্ন এবং স্বপ্নদ্রষ্টা আছে, আমাদের বক্তা

এবং দোভাষী আছে, কিন্তু প্রভুর বাক্য নিয়ে একটি উন্মুক্ত দর্শন আসছে, আর সংশোধন করা হয়েছে...আমরা প্রার্থনা করি, স্বর্গীয় পিতা, সেই কণ্ঠস্বর যা প্রান্তরে রব দিয়েছিল, "প্রভুর পথ প্রস্তুত কর," আমরা বিশ্বাস করি যে পবিত্র আত্মা আজও আবার সেই রব দিয়েছেন, "প্রভুর আগমনের জন্য প্রস্তুত হও!" আর এটা কতটা অদ্ভুত, কারণ এটাকে অসাড় করার জন্য এবং এটাকে বের করে দেওয়ার জন্য আরও অনেক রব রয়েছে, কিন্তু যারা শুনতে পায় তাদের কানে এটা অনুগ্রহ। আমি প্রার্থনা করি যে পবিত্র আত্মা এখন আমাদের সকলের হৃদয়ে কাজ করবেন।

114 আর যখন আমরা আমাদের মাথা নিচু করে থাকি, আর আমি বিশ্বাস করি আমাদের হৃদয় নত হয়েছে: যদি আপনি জানেন কোথাও আপনি আপনার জীবনে অবাধ্য হয়েছেন, কিছু শাস্ত্র জানুন, যেন আপনি জানেন যে এটা বাইবেলের শিক্ষা যা আপনি পালন করেননি, কারণ কিছু, হলিউডের রব আপনাকে ভিন্ন কিছু করতে বাধ্য করেছে। এমন কিছু স্থান যেটা আপনারা সেবকরা বাইবেলে খুঁজে পেয়েছেন, যেটা আসলে সত্য, কিন্তু আপনি জানেন যে আপনি যদি এটা প্রচার করেন তবে আপনার ধর্মসম্প্রদায় আপনাকে বের করে দেবে, আর আপনি জানেন যে এটা সম্পূর্ণ সত্য। আপনাদের জন্য যারা ভুল জিনিস গ্রহণ করেন, ভুল জীবন যাপন করেন। আপনারা বাবা ও মায়েরা যারা আপনার সন্তানদের সংশোধন করার চেষ্টা করছেন না, তাদের গড়ে তোলার চেষ্টা করছেন না। আপনি আপনার যথাসাধ্য চেষ্টা করতে পারেন, আর তারা যেভাবেই হোক জাগতিক পথে এগিয়ে যাচ্ছে, কিন্তু আপনি তাদের সামনে উদাহরণ দিচ্ছেন। আর যদি আপনি এটা না করে থাকেন, ঈশ্বরের রব আপনার সাথে কথা বলছে, "এটা করো না।"

115 আর এখন প্রতিটি মাথা নত এবং সব চোখ বন্ধ করে, আর যেন স্বর্গের ঈশ্বর ক্ষুধার্ত ব্যক্তির হৃদয়ের দিকে তাকান আর সেই জায়গাটি খুঁজে পান যেখানে তারা ভুল। আর ঈশ্বরের দিকে হাত তুলে, বলুন, "প্রভু, আমি সত্যিই আপনার রব এর দ্বারা সমস্ত অবিশ্বাস দূর করতে চাই, আর এমন সব বিষয় যা আপনার মতো নয়, আর আমাকে আপনি যা তৈরী করতে চান তা করুন।" আপনারা কি হাত উঠাবেন, যখন আপনারা... ? প্রভু আশীর্বাদ করুন। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

116 তখন বাইবেল বলেছে, যীশু বলেছিলেন, আর এই সমস্ত অন্যান্য রব সত্ত্বেও, "যদি কোন ব্যক্তি আমার রব শুনেন।" তাকে

অনুসরণ করুন, আপনি আপনার ইচ্ছা পূরন করতে যাচ্ছেন।

117 প্রভু, সময় ফুরিয়ে যাচ্ছে। কিন্তু বাইবেল বলেছে যে, "যতজন বিশ্বাস করিল, তাহারা বাপ্তাইজিত হইল।" আমি প্রার্থনা করি, স্বর্গীয় পিতা, প্রত্যেকে যারা সত্যিকারের স্বীকারোক্তিতে হাত তুলেছেন, যে ঈশ্বরের বাক্য তারা পড়েছেন, আর দেখেছেন যে তারা ভুল ছিলেন। আমি কখনও তাদের অর্ধেকের দিকে তাকাইনি। এটা আমার দেখার জন্য নয়, এটা আপনার দেখার জন্য, প্রভু। যে হাতগুলি উঠেছে তার পিছনের অভিপ্রায় এবং উদ্দেশ্য আপনি জানেন। হতে দিন তাদের, এই মুহূর্ত থেকে, তাদের হৃদয়ে উদ্দেশ্য, "এই দিন থেকে, এখন থেকে, আমি ঈশ্বরের বাক্য এবং ঈশ্বরের রব গ্রহণ করব, আর এর মূল্য যাই হোক না কেন এটা অনুসরণ করব।" আর তাদের মনে রাখুন, যখন তারা যাচ্ছেন, গান লেখকের সেই গান, "যীশু কি একা ক্রুশ বহন করবেন, আর সমস্ত পৃথিবী কি মুক্ত হয়ে যাবে ? না, প্রত্যেকের জন্য একটি ক্রুশ আছে; আমার জন্য একটি ক্রুশ আছে। আর এই পবিত্র ক্রুশ আমি বহন করবো, যতক্ষণ না মৃত্যু আমাকে মুক্তি দেয়।" তারপর যখন ঈশ্বরের রব কথা বলবে, "আমি তাঁর ধার্মিকতায় চলে আসব, কারণ আমি তাঁর রবকে অনুসরণ করেছি, তাঁর বাক্যের রব।" আমি তাদেরকে এখন আপনার কাছে নিবেদন করছি, প্রভু, যীশু খ্রীষ্টের নামে।

118 এখন আমরা যখন মাথা নিচু করে আছি, আপনারা যখন আপনাদের স্বীকারোক্তি এবং আপনাদের অঙ্গীকার করছেন। আমি এখানে বসে থাকা একটি ছোট ছেলেকে দেখে বিস্মিত, সে তার মাথা ঘুরাচ্ছে। আর মন্ডলীর জন্য একটি রব আছে, "আমি সেই প্রভু যিনি তোমাদের সমস্ত রোগ নিরাময় করেন।" এটা মন্ডলীর মধ্যে একটি রব। আর আপনার যাঁদের নিরাময়ের প্রয়োজন আছে, আর আপনি ঈশ্বরের প্রতিটি বাক্যের জন্য একটি পবিত্র জীবন যাপন করছেন যা আপনি জানেন সঠিক, আর আপনার নিরাময়ের প্রয়োজন আছে, আমি বিস্মত হই আপনি যদি শুধু হাত উঁচু করেন। আপনাদের হাত উঁচু করুন, "প্রভু, আমার আরোগ্যের প্রয়োজন আছে।" ঠিক আছে।

119 এখন, আপনার হৃদয়ে সেই রব রাখুন, "আমি সেই প্রভু যিনি তোমাদের সমস্ত রোগ নিরাময় করেন।" মনে রাখবেন, যখন বাক্য উচ্চারিত হয়, তখন তা বাস্তবায়িত হয়। যীশু বলেছেন, মার্ক ১১:২২, "যে কেহ এই পর্ব্বতকে বলে, 'উপড়িয়া যাও,' এবং মনে মনে সন্দেহ না করে, কিন্তু বিশ্বাস করে যে, যাহা বলে তাহা ঘটিবে, তবে তাহার জন্য তাহাই হইবে।"

120 এখন, প্রত্যেকে এখন আমাদের নিজস্ব উপায়ে, আপনার মাথা নত করুন, আপনার স্বীকারোক্তি করুন, "প্রভু, আমি আপনার বাক্য বিশ্বাস করি। আমি আপনার রব শুনেছি যে আপনি কল্য, অদ্য এবং অনন্ত কাল একই আছেন।" আমি নিচে যাচ্ছি আর এই ছেলেটির উপর হাত রাখতে যাচ্ছি, কারণ এটা কি তা জানার জন্য সে খুবই ছোট, মূল্যবান ছোট ছেলে, আকারে ও বয়সে আমার ছোট জোসেফের মত। আর আমি চাই আপনারা সবাই প্রার্থনা করুন, প্রার্থনা করুন, "প্রভু, আমি আপনার রব শুনতে পাচ্ছি, আমি বিশ্বাস করি।"

121 স্বর্গীয় পিতা, আমরা এই শ্রোতাদের তাদের শরীরের নিরাময়ের জন্য আপনার কাছে নিয়ে আসছি। আর, প্রভু, এখানে একজন দুর্ভাগা ছোট বাচ্চা রয়েছে, সে বার্তাটিতে আমার মনোযোগ আকর্ষণ করছে, একজন অভিভাবককে ছোট্ট বাচ্চাটিকে ধরে বসে থাকতে দেখে। চিকিৎসা বিজ্ঞানের মাধ্যমে, ছোট ছেলেটির জন্য কোন আশা নেই। সেখানে ঈশ্বরের একটি রব রয়েছে যা সবকিছুর উপর আরোহণ করে। আর যেহেতু এই মন্ডলী একত্রিত হয়েছে প্রতিটি আদেশ পালন করার জন্য যেটা আমি জানি কিভাবে এটা করতে হবে, বাকিটা আপনার, পিতা। আমি নিচে যাচ্ছি আর সেই বালকটির উপর হাত রাখছি।

122 পিতা ঈশ্বর, যীশু খ্রীষ্টের নামে, আমি এটাকে দণ্ডিত করি। ঈশ্বরের শক্তি যেন, ঈশ্বরের আরোগ্য...যেন আগামী পাঁচ মিনিটে তার মধ্যে এমন পরিবর্তন হয়... ?...তারা সবাই যেন... ?... আপনার গৌরবের জন্য।

123 স্বর্গীয় পিতা, আপনি প্রতিশ্রুতি দিয়েছেন। এটাই আমি জানি, আপনি প্রতিশ্রুতি দিয়েছেন। এটা করা হয়েছে, যেমন বলা হয়েছে, "আপনি যদি এই কথা *বলেন,*" আর আমি অসুস্থতা অথবা পীড়ার প্রতিটি দিয়াবলকে বলছি যারা এই শ্রোতাদের আবদ্ধ করে রেখেছে, যেটা এই শ্রোতাদের আবদ্ধ করে রেখেছে, অবিশ্বাসের প্রতিটি আত্মা, আমি বলছি, "যীশু খ্রীষ্টের নামে, লোকদের থেকে প্রস্থান করুক!" এখন, আমরা জানি যে এটা লেখা আছে, আর এখন এটা বলা হয়েছে, এটা করা হোক, ঈশ্বরের সম্মান এবং গৌরবের জন্য। আর যীশু খ্রীষ্টের নামে এটা প্রার্থনা করা হয়েছে।

124 এখন, আপনারা যারা বিশ্বাস করতে পারেন, আর বিশ্বাস করেন, যাই ঘটুক না কেন, হতে হবে না, সেই বীজটি সেখানে পড়ে গেছে। আপনার ভিতরে সেই সামান্য কিছু, সেই রব। এই সন্তানের পিতামাতা, সন্তানের যাই অবস্থা হোক না কেন, আপনারা

কি বিশ্বাস করেন ঈশ্বরের বীজ আপনার হৃদয়ে নেমে এসেছে, যে ছেলেটি সুস্থ হয়ে উঠবে? আপনারা বাকিরা প্রার্থনা করছেন, একজন অপরজনের জন্য, আপনারা কি বিশ্বাস করেন যে ঈশ্বরের বীজ আপনার হৃদয়ে নেমে এসেছে, "আমার অসুস্থতা শেষ হয়ে গেছে"? তারপর বিশ্বাসের প্রার্থনা আপনার জন্য প্রার্থনা করা হয়েছে, সেই স্থানে পাঠিয়ে দেওয়া হয়েছে। আর যদি শয়তান কখনও চেষ্টা করে, তাহলেও আপনি ঠিক ফিরে আসবেন: "সেই স্প্যানিশ চার্চে দাঁড়িয়ে, সেই রবিবার সকালে, বিশ্বাসের প্রার্থনা আমার জন্য প্রার্থনা করা হয়েছিল। আর ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছেন!" বিশ্বাসের প্রার্থনা অসুস্থদের রক্ষা করবে এবং ঈশ্বর তাদের উপরে উঠাবেন। এটা হতেই হবে। আপনারা কি এটা বিশ্বাস করেন? বলুন, "আমেন।" ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন। এখন আমি সভাটি ভাই রোজের কাছে ফিরিয়ে দেব, আমার মনে হয় এখানে, ভাই জুয়েল রোজ।

এই অন্তিম দিনগুলিতে ঈশ্বরের রব BEN63-0120M

(The Voice Of God In This Last Days)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় রবিবার সকালে, ২০ জানুয়ারী, ১৯৬৩ খ্রিস্টাব্দে, ফিনিক্স, অ্যারিজোনা, মার্কিন যুক্তরাষ্ট্রের অ্যাপোস্টলিক চার্চে প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2021 VGR, ALL RIGHTS RESERVED

VOICE OF GOD RECORDINGS, INDIA OFFICE
19 (NEW NO: 28) SHENOY ROAD, NUNGAMBAKKAM
CHENNAI 600 034, INDIA
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

VOICE OF GOD RECORDINGS
P.O. BOX 950, JEFFERSONVILLE, INDIANA 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস
পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org